রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১৪, ২০১৮

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৩০ কার্তিক, ১৪২৫/১৪ নভেম্বর, ২০১৮

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৩০ কার্তিক, ১৪২৫ মোতাবেক ১৪ নভেম্বর, ২০১৮ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ২০১৮ সনের ৫৬ নং আইন

## Standards of Weights and Measures Ordinance, 1982 রহিতক্রমে উহার বিধানাবলি বিবেচনাক্রমে সময়ের চাহিদার প্রতিফলনে নূতনভাবে আইন প্রণয়নকল্পে প্রণীত আইন

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৮২ সালে ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালে ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারিকৃত অধ্যাদেশসমূহের অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তপশিলের ১৯ অনুচ্ছেদ বিলুপ্ত হয় এবং সিভিল আপিল নং ৪৮/২০১১ তে সুপ্রীমকোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু ২০১৩ সনের ৭ নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখা হয়; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া আবশ্যক বিবেচিত অধ্যাদেশসমূহ সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনক্রমে সময়ের চাহিদার প্রতিফলনে বাংলায় নূতনভাবে আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে, Standards of Weights and Measures Ordinance, 1982 (Ordinance No. XII of 1982) রহিতক্রমে উহার বিধানাবলি বিবেচনাক্রমে সময়ের চাহিদার প্রতিফলনে নূতনভাবে আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

**অংশ-১**

**প্রাথমিক**

১। **সংক্ষিপ্ত শিরোনাম এবং প্রবর্তন**।—(১) এই আইন ওজন ও পরিমাপ মানদণ্ড আইন, ২০১৮' নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে—

(১) **"অপ্রতিপাদিত** (unverified) **ওজন বা পরিমাপন"** অর্থ কোনো ওজন বা পরিমাপন যাহা প্রতিপাদন ও স্ট্যাম্পযুক্ত করা হয় নাই;

(২) **"আমদানি"** অর্থ কোনো পণ্য বা সেবা অন্য কোনো দেশ হইতে বাংলাদেশের অভ্যন্তরে আনয়ন;

(৩) **"আইনসম্মত পরিমাপ সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থা** (OIML)**"** অর্থ International Organization of Legal Metrology (OIML);

(৪) **"ইনস্টিটিউশন"** অর্থ Bangladesh Standards and Testing Institution Ordinance, 1985 (Ordinance No. XXXVII of 1985) এর অধীন প্রতিষ্ঠিত Bangladesh Standards and Testing Institution;

(৫) **"উৎপাদনকারী"** অর্থ কোনো ব্যক্তি, যিনি—

(ক) কোনো ওজন ও পরিমাপন যন্ত্র তৈরি বা উৎপাদন করেন;

(খ) স্বীয় বা অন্য কাহারও দ্বারা প্রস্তুতকৃত কোনো ওজন বা পরিমাপন বা উহাদের এক বা একাধিক অংশ সংযোজনের পর তৎকর্তৃক প্রান্তিক পণ্য হিসাবে উহা উৎপাদন করা হইয়াছে মর্মে দাবি করেন;

(গ) অন্য কোনো ব্যক্তি কর্তৃক উৎপাদিত বা তৈরি কোনো ওজন বা পরিমাপন যন্ত্রের উপর তাহার নিজস্ব প্রতীক ব্যবহার করত দাবি করেন যে, উহা তৎকর্তৃক তৈরিকৃত বা উৎপাদিত হইয়াছে; বা

(ঘ) কোনো মোড়কজাত পণ্য-সামগ্রী উৎপাদন, তৈরি বা প্রস্তুত, বা উহার মোড়কে চিহ্ন যুক্তকরণের সহিত সম্পর্কযুক্ত;

ব্যাখ্যা।—কোনো উৎপাদনকারী তৎকর্তৃক নিয়ন্ত্রিত কোনো শাখা কার্যালয়ে কোনো ওজন বা পরিমাপন যন্ত্র বা উহার কোনো অংশ সংযোজন করিলে উক্ত শাখা কার্যালয়কে উৎপাদনকারী হিসাবে গণ্য করা হইবে না;

(৬) **"ওজন ও পরিমাপ বিষয়ক আন্তর্জাতিক ব্যুরো"** অর্থ ফ্রান্সের সেভরে মিটার কনভেনশনের অধীন প্রতিষ্ঠিত International Bureau of Weights and Measures (BIPM);

(৭) **"ওজন বা পরিমাপন"** বা **"ওজন বা পরিমাপন যন্ত্র"** অর্থ কোনো ওজন বা পরিমাপনের মানদণ্ড অথবা কোনো বস্তু, হাতিয়ার, যন্ত্র বা কৌশল বা উহাদের কোনো সমন্বয় যাহা দ্বারা ওজন বা পরিমাপ কার্য সম্পাদন করা হয়;

(৮) **"ওজন ও পরিমাপ বিষয়ক সাধারণ সম্মেলন"** অর্থ মিটার কনভেনশনের অধীন প্রতিষ্ঠিত General Conference of Weights and Measures (CGPM);

(৯) **"ক্রমাঙ্কন (Calibration)"** অর্থ ওজন বা পরিমাপনের ত্রুটির পরিমাণ নির্ণয়ের উদ্দেশ্যে প্রয়োজনীয় সকল প্রক্রিয়া এবং, প্রয়োজনে, এইরূপ ওজন বা পরিমাপনের পরিমাপ সম্পর্কিত অন্যান্য বৈশিষ্ট্য নির্ণয় করা, এবং পরিমাপযোগ্য বস্তুর পরিমাণের তুল্য-মানের সহিত ওজন বা পরিমাপনের দৈর্ঘ্যমার্ক বা, ক্ষেত্রমত, স্কেলমার্কের প্রধান মার্কসমূহের প্রকৃত অবস্থান নির্দিষ্ট করা;

ব্যাখ্যা।—নমুনা স্বরূপ কোনো ওজন বা পরিমাপন যন্ত্র ব্যবহারের অনুমতি প্রদানের ক্ষেত্রেও ক্রমাঙ্কন পরিচালনা করা যাইবে;

(১০) **"ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি"** অর্থ এই আইনের অধীন কোনো বিশেষ ক্ষমতা প্রয়োগ বা দায়িত্ব পালনের জন্য মহাপরিচালক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ইনস্টিটিউশনের কোনো কর্মচারী;

(১১) **"জাতীয় মানদণ্ড (National Standard)"** অর্থ দেশব্যাপি পরিমাপের সমতা রক্ষার লক্ষ্যে সরকার কর্তৃক নির্ধারিত কোনো পরিমাপক মান বা মানদণ্ড;

(১২) **"ডিলার"** অর্থ কোনো ব্যক্তি যিনি ওজন বা পরিমাপন যন্ত্র ক্রয়, বিক্রয় সরবরাহ বা বিতরণ করেন, এবং কোনো কমিশন এজেন্ট যিনি ব্যবসা প্রতিষ্ঠানের প্রধানের পক্ষে এইরূপ ব্যবসা পরিচালনা করেন এবং কোনো আমদানিকারক যিনি কোনো ব্যবহারকারী, উৎপাদনকারী, মেরামতকারী, ভোক্তা বা অন্যকোনো ব্যক্তির নিকট অন্য কোনোভাবে বিলি, বিক্রয়, বিতরণ বা অন্য কোনোভাবে সরবরাহ করেন তিনিও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

ব্যাখ্যা।—একজন উৎপাদনকারী যিনি, ডিলার ব্যতীত কোনো ব্যক্তির নিকট কোনো ওজন বা পরিমাপন যন্ত্র বিক্রয়, সরবরাহ, বিতরণ বা প্রদান করেন তিনি ডিলার হিসাবে গণ্য হইবেন;

(১৩) **"ত্রুটিযুক্ত ওজন বা পরিমাপন"** অর্থ কোনো ওজন বা পরিমাপন যাহা উক্ত ওজন বা পরিমাপন সম্পর্কে স্থিরীকৃত মানদণ্ড অনুসরণ করে না;

(১৪) **"নির্ধারিত"** অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত;

(১৫) **"নিবন্ধন"** অর্থ এই আইনের অধীন ইনস্টিটিউশন কর্তৃক প্রদত্ত নিবন্ধন;

(১৬) **"পরিদর্শক"** অর্থ এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, Bangladesh Standards and Testing Institution Ordinance, 1985 (Ord. No. XXXVII of 1985) এর section 25 এর অধীন নিযুক্ত কোনো পরিদর্শক;

(১৭) **"প্রচলিত মানদণ্ড (Working Standard)"** অর্থ ওজন বা পরিমাপনের মানদণ্ড যাহা জাতীয় মানদণ্ড, রেফারেন্স মানদণ্ড বা সেকেন্ডারি মানদণ্ড ব্যতীত, যে কোনো ওজন বা পরিমাপন প্রতিপাদনের জন্য সরকার কর্তৃক বা সরকারের পক্ষে উৎপাদন বা তৈরি করা হয়;

(১৮) **"প্রতিপাদন (Verification)"** অর্থ ওজন বা পরিমাপনের মানদণ্ডের সহিত সমরূপতা নিশ্চিত করিবার উদ্দেশ্যে অন্য কোনো ওজন বা পরিমাপনের তুলনার পদ্ধতি, পরীক্ষা, পরখ বা উপযোগীকরণ, এবং পুনঃপ্রতিপাদন ও ক্রমাঙ্কনও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(১৯) **"প্রবিধান"** অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(২০) **"প্রাইমারি মানদণ্ড (Primary Standard)"** অর্থ কোনো বস্তু বা একই ভিত্তি এককের কোনো পরিমাপনের মানের সম্পর্ক ছাড়া আন্তর্জাতিকভাবে প্রচলিত বিশেষ পরিমাপ পদ্ধতি ব্যবহার করিয়া স্থিরীকৃত পরিমাপন মান বা মানদণ্ড;

(২১) **"প্রাঙ্গণ"** অর্থ—

(ক) কোনো স্থান যেখানে কোনো ব্যক্তি স্বয়ং বা প্রতিনিধির মাধ্যমে, যে নামেই অভিহিত হউক, কোনো ব্যবসা, শিল্প, উৎপাদন বা বাণিজ্য পরিচালনা করেন;

(খ) পণ্যাগার, গুদাম বা অন্য কোনো স্থান যেখানে কোনো ওজন, পরিমাপন যন্ত্র বা অন্যান্য পণ্য গুদামজাত বা প্রদর্শন করা হয়;

(গ) কোনো স্থান যেখানে বাণিজ্য বা লেন-দেনের সহিত সম্পৃক্ত কোনো হিসাব বহি বা অন্যান্য দলিল রাখা হয়;

(ঘ) বসবাসের গৃহ, যদি উহার কোনো অংশ ব্যবসা, শিল্প, উৎপাদন বা বাণিজ্যের উদ্দেশ্যে ব্যবহৃত হয়;

ব্যাখ্যা।—এই দফার উদ্দেশ্য পূরণকল্পে, "স্থান" অর্থ যান, জলযান বা অন্য যে কোনো ভ্রাম্যমাণ যন্ত্র (device) যাহার সাহায্য ক্রয়, বিক্রয় বা ব্যবসার কার্যক্রম পরিচালিত হয়, এবং যান, জলযান বা অন্য কোনো ভ্রাম্যমাণ যন্ত্রের উপর খাড়াভাবে স্থাপিত যে কোনো পরিমাপন যন্ত্রও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(২২) **"ফৌজদারি কার্যবিধি"** অর্থ Code of Criminal Procedure, 1898 (Act V of 1898);

(২৩) **"বাণিজ্য"** অর্থ কোনো লেন-দেন, ক্রয়-বিক্রয় বা চুক্তি, এবং টোল ও শুল্ক সংগ্রহও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(২৪) **"বাণিজ্যিক ওজন বা পরিমাপন"** অর্থ কোনো ব্যবসা বা বাণিজ্যের লেনদেনের উদ্দেশ্যে ব্যবহৃত যে কোনো ওজন বা পরিমাপন;

(২৫) **"বিক্রয়"** অর্থ কোনো ব্যক্তি কর্তৃক অন্য কোনো ব্যক্তির নিকট ওজন বা পরিমাপন যন্ত্রপাতির মালিকানা বা অন্যান্য পণ্য অর্থ বা অন্য কিছুর বিনিময়ে হস্তান্তর করা, তবে ওজন বা পরিমাপন যন্ত্র বা অন্যান্য পণ্য বন্ধক, দায়বদ্ধতা বা প্রতিশ্রুতির মাধ্যমে হস্তান্তর ইহার অন্তর্ভুক্ত হইবে না;

(২৬) **"বিধি"** অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(২৭) **"ব্যক্তি"** অর্থ প্রাকৃতিক ব্যক্তিসত্তাবিশিষ্ট একক ব্যক্তি (individual), এবং কোনো প্রতিষ্ঠান, কোম্পানি, অংশীদারী কারবার, ফার্ম বা অন্য যে কোনো সংস্থাও উহার অন্তর্ভুক্ত হইবে;

(২৮) **"ভর"** অর্থ বস্তুর মধ্যে পদার্থের মোট পরিমাণ, যাহা এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, ওজন নামে অভিহিত হইবে;

(২৯) **"মহাপরিচালক"** অর্থ ইনস্টিটিউশনের মহাপরিচালক;

(৩০) **"মেরামতকারী"** অর্থ কোনো ব্যক্তি যিনি কোনো ওজন বা পরিমাপন যন্ত্রের সমন্বয় করেন, পরিষ্কার করেন, তৈল বা গ্রিজ দিয়া পিচ্ছিল করেন, রঙ করেন বা ওজন বা পরিমাপন যন্ত্রের মানদণ্ড নিশ্চিত করিতে অন্য কোনো কাজ করেন;

(৩১) **"মোড়কজাত পণ্য"** অর্থ পাইকারী বা খুচরা যে ভাবেই হউক না কেন, একক মাত্রায় বিক্রয় উপযোগী কোনো বোতলে, মোড়কে বা অন্য কোনোভাবে পূর্ব-মোড়কজাত পণ্য (Pre-packaged Goods);

(৩২) **"রপ্তানি"** অর্থ বাংলাদেশে উৎপাদিত কোনো পণ্য বিক্রয় বা বাণিজ্যের জন্য অন্য দেশে প্রেরণ করা;

(৩৩) **"রেফারেন্স মানদণ্ড (Reference Standard)"** অর্থ সরকার কর্তৃক বা উহার পক্ষে তৈরিকৃত বা উৎপাদিত ওজন বা পরিমাপনের মানদণ্ড যন্ত্রের সেট, যাহার দ্বারা সেকেন্ডারি মানদণ্ড ওজন বা পরিমাপন যন্ত্রের যথার্থতা নির্ণয় করা হয়;

(৩৪) **"লাইসেন্স"** অর্থ এই আইনের অধীন ইনস্টিটিউশন কর্তৃক প্রদত্ত লাইসেন্স;

(৩৫) **"লেনদেন"** অর্থ—

(ক) ক্রয়, বিক্রয়, বিনিময় বা অন্য কোনো উদ্দেশ্যে চুক্তি;

(খ) রয়েলটি, টোল, শুল্ক বা অন্যান্য পাওনা নির্ধারণ; বা

(গ) কোনো সম্পাদিত কার্য, বকেয়া বেতন বা প্রদত্ত সেবা মূল্যায়ন;

(৩৬) **"লেবেল"** অর্থ লিখিত মার্কযুক্ত, স্ট্যাম্পযুক্ত, ছাপানো বা গ্রাফিক ডিজাইনকৃত কোনো বস্তু, যাহা কোনো পণ্য বা মোড়কের উপর লাগানো থাকে বা প্রদর্শিত হইয়া থাকে;

(৩৭) **"সিলমোহর"** অর্থ কোনো কৌশল বা প্রক্রিয়া যাহার দ্বারা স্ট্যাম্প যুক্ত করা হয় এবং কোনো স্ট্যাম্পের অখন্ডতা নিশ্চিতকরণে ব্যবহৃত হয় এইরূপ তার (Wire) বা অন্যান্য আনুষঙ্গিক সামগ্রীও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৩৮) **"সেকেন্ডারি মানদণ্ড (Secondary Standard)"** অর্থ ওজন বা পরিমাপনের মানদণ্ড যন্ত্রের সেট যাহা কোনো প্রচলিত মানদণ্ডের যথার্থতা নির্ধারণের উদ্দেশ্যে সরকার কর্তৃক বা সরকারের পক্ষে তৈরিকৃত বা উৎপাদিত;

(৩৯) **"স্ট্যাম্প"** অর্থ কোনো চিহ্ন যাহা নিম্নবর্ণিত উদ্দেশ্যে কোনো ওজন বা পরিমাপন যন্ত্রের উপর স্থাপিত বা উহার সহিত যুক্ত করা হয়, যথা:—

(ক) কোনো ওজন বা পরিমাপনের মানদণ্ড নিশ্চিত করিয়া থাকে মর্মে প্রত্যায়ন করা;

(খ) মানদণ্ড নিশ্চিতের বিষয় প্রত্যায়ন করিয়া ওজন বা পরিমাপন যন্ত্রের উপর পূর্বের যে চিহ্ন প্রদান করা হইয়াছিল উহা মুছিয়া ফেলা হইয়াছে মর্মে নির্দেশ করা;

**ব্যাখ্যা।**—ছাপ, ঢালাই, খোদাই, নকশা প্রদান, চিহ্ন প্রদান অথবা অন্য কোনো প্রক্রিয়ায় স্ট্যাম্প তৈরি করা যাইবে।

৩। **আইনের প্রাধান্য।**—আপাতত বলবৎ অন্য কোনো আইনে ভিন্নতর যাহা কিছু থাকুক না কেন, এই আইনের বিধানাবলি প্রাধান্য পাইবে।

## অংশ ২

## ওজন ও পরিমাপন যন্ত্রের মানদণ্ড প্রতিষ্ঠা

### অধ্যায় ১

### মানদণ্ড একক

৪। **আন্তর্জাতিক পদ্ধতির ভিত্তি একক (Base unit)।**—(১) আন্তর্জাতিক পদ্ধতির একক হিসাবে পরিচিত এককসমূহ সমগ্র বাংলাদেশে ওজন বা পরিমাপন যন্ত্রের মানদণ্ড একক হিসাবে ব্যবহৃত হইবে।

(২) উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, ওজন বা পরিমাপ বিষয়ক সাধারণ সম্মেলনে এককসমূহের আন্তর্জাতিক পদ্ধতি সম্পর্কে যেরূপ সুপারিশ করা হইয়াছে এবং আইনসম্মত পরিমাপ সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থা কর্তৃক সুপারিশকৃত অতিরিক্ত এককসমূহ মেট্রিক পদ্ধতি অথবা আন্তর্জাতিক পদ্ধতির একক হইবে।

(৩) ভিত্তি এককসমূহ হইবে নিম্নরূপ, যথা:—

(ক) কিলোগ্রাম (kilogram)—

(অ) ভরের ভিত্তি একক হইবে কিলোগ্রাম (kilogram);

(আ) কিলোগ্রাম হইবে কিলোগ্রামের আন্তর্জাতিক আদিরূপ ভরের সমান;

ব্যাখ্যা।—"**কিলোগ্রামের আন্তর্জাতিক আদিরূপ (prototype)** অর্থ ১৮৮৯ সনে প্যারিসে অনুষ্ঠিত ওজন এবং পরিমাপ বিষয়ক প্রথম সাধারণ সম্মেলনে অনুমোদিত এবং আন্তর্জাতিক ওজন বা পরিমাপ বিষয়ক আন্তর্জাতিক ব্যুরোতে সংরক্ষিত আদিরূপ;

(খ) মিটার (metre)—

(অ) দৈর্ঘ্যের ভিত্তি একক হইবে মিটার;

(আ) শূন্য মাধ্যমে আলো ১/২৯৯৭৯২৪৫৮ সেকেন্ড সময়ে যে দূরত্ব অতিক্রম করে তাহা হইবে ১ (এক) মিটার;

(গ) সেকেণ্ড (second)—

(অ) সময়ের ভিত্তি একক হইবে সেকেণ্ড;

(আ) "সেকেণ্ড" হইল বিকিরণের ৯১৯২৬৩১৭৭০ পরিব্যাপ্তি কাল, যাহা সিজিয়াম ১৩৩ পরমাণুর ভিত্তি অবস্থায় (ground state) দুইটি অতিসূক্ষ্ম স্তরের মধ্যে বিকিরণ সঞ্চালনের সময়কালের অনুরূপ;

(ঘ) অ্যাম্পিয়ার (ampere)—

(অ) বিদ্যুৎ প্রবাহের ভিত্তি একক হইবে অ্যাম্পিয়ার;

(আ) "অ্যাম্পিয়ার" হইল সেই স্থির বিদ্যুৎ প্রবাহ যাহা অসীম দৈর্ঘ্যের নগণ্য বৃত্তাকার দুইটি সরল ও সমান্তরাল পরিবাহকের মধ্যে পরিচালিত হয় এবং শূন্যে এক মিটার দূরত্বে স্থাপন করা হইলে পরিবাহকদ্বয়ের মধ্যে প্রতি মিটার দৈর্ঘ্যে $২\times১০^{-৭}$ নিউটন সমপরিমাণ বল উৎপাদিত হয়;

(ঙ) কেলভিন (kelvin)—

(অ) তাপমাত্রার ভিত্তি একক হইবে কেলভিন;

(আ) "কেলভিন" হইল তাপ গতিবিদ্যায় পানির ত্রৈধ বিন্দুর অবস্থার (triple point) তাপমাত্রার ১/২৭৩.১৬ অংশ;

টীকা—

(অ) কেলভিন একক এবং উহার k প্রতীক তাপমাত্রার পার্থক্য অথবা মধ্যবর্তী সময় প্রকাশের জন্য ব্যবহৃত হইবে;

(আ) কেলভিনে ব্যবহৃত তাপ গতিবিদ্যায় তাপমাত্রার অতিরিক্ত হিসাবে (প্রতীক, t) সেলসিয়াস তাপমাত্রার (প্রতীক, t) সমীকরণ দ্বারা নির্ধারিত $t= T - T_0$, সংজ্ঞা অনুসারে যেখানে $T_0$=২৭৩.১৫ k. যেক্ষেত্রে সংজ্ঞা দ্বারা সেলসিয়াস তাপমাত্রা সাধারণত "ডিগ্রি সেলসিয়াস" (প্রতীক $^0C$) ব্যবহৃত হয়। এইক্ষেত্রে, ডিগ্রি সেলসিয়াস একক "কেলভিন" এর সমান এবং সেলসিয়াস তাপমাত্রার পার্থক্য বা বিরতিকাল ডিগ্রি সেলসিয়াস হিসাবেও ব্যবহৃত হইতে পারে;

(চ) ক্যানডেলা (candela)—

(অ) আলোর তীব্রতা পরিমাপের ভিত্তি একক হইবে ক্যানডেলা (Candela);

(আ) "ক্যানডেলা" হইল সেই পরিমাণ দীপন তীব্রতা, যাহা কোনো আলোক উৎস একটি নির্দিষ্ট দিকে ৫৪০×১০$^{১২}$ হার্জ কম্পাঙ্কের একবর্ণী বিকিরণ নিঃসরণ করে এবং নির্দিষ্ট দিকে উহার বিকিরণ তীব্রতা হইতেছে প্রতি স্টেরেডিয়ান ঘন কোণে ১/৬৮৩ ওয়াট;

(ছ) মোল (mole)—

(অ) পদার্থের পরিমাণের ভিত্তি একক হইবে মোল (mole);

(আ) "মোল" হইল যৌগিক পদার্থের পরিমাণ, যাহা কার্বন ১২ এর ০.০১২ কিলোগ্রামের মধ্যে যে পরিমাণ মৌলিক পদার্থ সেই পরিমাণ পদার্থ ধারণ করে;

**টীকা।**—যখন মোল ব্যবহৃত হয় তখন মৌলিক পদার্থ সুনির্দিষ্ট হইবে এবং পরমাণু, অণু, আয়ন, ইলেকট্রন, অন্যান্য ক্ষুদ্র পদার্থ, অথবা এইরূপ ক্ষুদ্র পদার্থের নির্দিষ্ট শ্রেণি হইতে পারে।

৫। **ওজন বা পরিমাপের সম্পূরক, লব্ধ, বিশেষ এবং অন্যান্য একক।**—(১) সরকার, সময় সময়, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, ওজন ও পরিমাপের বিভিন্ন ভিত্তি একক প্রতিপাদন বা উপযোগী করিতে পারিবে এবং ওজন ও পরিমাপ বিষয়ক সাধারণ সম্মেলন বা আইনসম্মত পরিমাপ সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থা বা ওজন ও পরিমাপ বিষয়ক আন্তর্জাতিক ব্যুরোর সুপারিশ অনুসারে মানদণ্ডের প্রতীক বা সংজ্ঞা, সম্পূরক, লব্ধ বা অন্যান্য এককের সুপারিশ করিতে পারিবে।

**ব্যাখ্যা।**—এই উপ-ধারার উদ্দেশ্য পুরণকল্পে, "লব্ধ একক" অর্থ কোনো একটি একক, যাহা ভিত্তি একক, সম্পূরক একক বা উভয়বিধ একক হইতে গৃহীত হয়।

(২) ওজন ও পরিমাপ বিষয়ক সাধারণ সম্মেলন অথবা আইনসম্মত পরিমাপ সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থার সুপারিশ অনুসারে, সরকার, এইরূপ ওজন ও পরিমাপ বিষয়ে ভৌত ধ্রুবক ও সহগের অনুপাতে গুণিতক ও উপগুণিতক নির্দিষ্ট করিতে পারিবে।

(৩) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রয়োজনে, ওজন ও পরিমাপ বিষয়ক সাধারণ সম্মেলন অথবা আইন সম্মত পরিমাপ সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থা যেরূপ সুপারিশ করে সেইরূপ মেয়াদের জন্য ওজন বা পরিমাপকে বিশেষ একক হিসাবে ঘোষণা করিতে পারিবে।

## অধ্যায় ২
## মানদণ্ড ওজন ও পরিমাপন এবং উহার নিরাপদ সংরক্ষণ

৬। **ভিত্তি এককসমূহের জাতীয় মানদণ্ড।**—(১) সরকার সকল ভিত্তি এককের জাতীয় মানদণ্ড প্রস্তুতের ব্যবস্থা করিবে :

তবে শর্ত থাকে যে, সরকার, প্রয়োজনে, কোনো প্রাইমারি মানদণ্ডকে জাতীয় মানদণ্ড হিসাবে ঘোষণা করিতে পারিবে।

(২) ওজন ও পরিমাপের সকল জাতীয় মানদণ্ড ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নির্ধারিত স্থান ও অবস্থায় সংরক্ষণ করা হইবে এবং তিনি সংরক্ষণের পূর্বে এবং প্রতি ১০(দশ) বৎসর পর উহা প্রতিপাদন ও প্রত্যয়নের ব্যবস্থা করিবেন।

৭। **পরিমাপনের সেকেন্ডারি মানদণ্ড একক।**—সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ মাত্রা ও সংখ্যামানসমূহকে, পরিমাপনের সেকেন্ডারি মানদণ্ডের একক হিসাবে ঘোষণা করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, সময়ের একক ব্যতীত, উক্তরূপ সেকেন্ডারি মানদণ্ডের একক সংশ্লিষ্ট ভিত্তি এককের দশ গুনের ধনাত্মক বা ঋণাত্মক (power) শক্তি হইবে।

৮। **ওজন ও পরিমাপনের মানদণ্ড।**—(১) ধারা ৪ ও ৬ এ উল্লিখিত ওজন ও পরিমাপনের সকল একক এবং ধারা ৭ এর অধীন সেকেন্ডারি মানদণ্ডের ঘোষিত এককসমূহ ওজন ও পরিমাপনের মানদণ্ড একক হইবে।

(২) কোনো স্থানে ধারা ৪ এর উপ-ধারা (৩) এর দফা (ক) তে উল্লিখিত ভরের ভিত্তি একক সেই স্থানের ওজনের মানদণ্ড একক হইবে।

(৩) কোনো ওজন, পরিমাপন বা সংখ্যামান, ওজন, পরিমাপন বা সংখ্যামানের মানদণ্ড ব্যতীত হইবে না।

(৪) কোনো ওজন বা পরিমাপন ওজন বা পরিমাপনের মানদণ্ডের অনুরূপ না হইলে, উক্ত ওজন বা পরিমাপন তৈরি বা উৎপাদন এবং বিক্রয়, বিপণন ও সরবরাহ করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, সরকার, কেবল রপ্তানির উদ্দেশ্যে তৎকর্তৃক নির্ধারিত শর্ত বা বাধা-নিষেধ সাপেক্ষে ওজন বা পরিমাপনের মানদণ্ডের অনুরূপ নহে এইরূপ কোনো ওজন বা পরিমাপন তৈরি বা উৎপাদনের জন্য অনুমতি প্রদান করিতে পারিবে।

(৫) ওজন, পরিমাণ বা সংখ্যামানের মানদণ্ড একক অনুসরণ ব্যতীত, কোনো ওজন, পরিমাপন বা অন্যান্য পণ্যের উপর খোদিত পরিচিতি বা নির্দেশনা প্রদান করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, যে সকল ওজন, পরিমাপন বা অন্যান্য পণ্য রপ্তানি করা হয়, সেই সকল ওজন, পরিমাপন বা অন্যান্য পণ্যের উপর খোদিত পরিচিতি বা নির্দেশনা অন্য কোনো পদ্ধতিতেও প্রদান করা যাইবে।

৯। **প্রচলিত ওজন ও পরিমাপনকে পরিমাপনের মানদণ্ডে রূপান্তর।**—(১) ওজন বা পরিমাপের মানদণ্ড একক ব্যতীত কোনো ওজন বা পরিমাপন তপশিলে উল্লিখিত এককের মানদণ্ড মানে রূপান্তর করা যাইবে।

(২) আপাতত বলবৎ অন্য কোনো আইন বা আইনের ক্ষমতাসম্পন্ন দলিলে উল্লিখিত মানদণ্ড একক মানের কোনো ওজন, পরিমাপন বা সংখ্যামান ব্যতীত অন্য কোনো ওজন, পরিমাপন বা সংখ্যামান তপশিলে উল্লিখিত এককে ব্যাখ্যেয় হইবে।

(৩) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, আনুপাতিক হার নির্দিষ্ট করিতে পারিবে, যাহাতে উপ-ধারা (১) এ উল্লিখিত ওজন ও পরিমাপন ব্যতীত অন্য কোনো ওজন ও পরিমাপনের মানদণ্ডে রূপান্তর করা যাইবে।

(৪) কোনো লেন-দেনে, এই ধারার অধীন, কোনো ওজন বা পরিমাপনের মানদণ্ডে প্রকাশিত মান রূপান্তরের প্রয়োজন হইলে এতদুদ্দেশ্যে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উহা নিরূপণ করা হইবে।

১০। **রেফারেন্স মানদণ্ড।**—(১) সরকার, ধারা ৮ এর উপ-ধারা (১) এ উল্লিখিত পরিমাপনের মানদণ্ড বা উহার গুণিতক বা উপ-গুণিতকের জন্য, রেফারেন্স মানদণ্ড নামে, প্রয়োজনীয় সংখ্যক সেট প্রস্তুতের ব্যবস্থা করিবে এবং উক্তরূপ প্রতিটি পরিমাপনের সেট জাতীয় মানদণ্ডের সহিত তুলনা করিয়া প্রস্তুত করিবে।

(২) রেফারেন্স মানদণ্ডসমূহ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যেইরূপ নির্ধারণ করিবে সেইরূপ স্থান ও অবস্থায় সংরক্ষণ করা হইবে।

১১। **সেকেন্ডারি মানদণ্ড।**—(১) প্রচলিত মানদণ্ডের শুদ্ধতা প্রতিপাদনের উদ্দেশ্যে, সরকার, সেকেন্ডারি মানদণ্ড নামে ওজন ও পরিমাপনের প্রয়োজনীয় সংখ্যক মানদণ্ড সেট প্রস্তুত করিতে পারিবে এবং উক্তরূপ প্রতিটি সেট রেফারেন্স মানদণ্ডের সহিত প্রতিপাদন করিয়া নির্ভরযোগ্য করা যাইবে।

(২) সেকেন্ডারি মানদণ্ড ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নির্ধারিত স্থান ও অবস্থায় সংরক্ষণ করা হইবে এবং তিনি প্রতি ৫ (পাঁচ) বৎসরে কমপক্ষে একবার উহা রেফারেন্স মানদণ্ডের সহিত প্রতিপাদনের ব্যবস্থা করিবেন এবং উক্ত প্রতিপাদন তারিখ দ্বারা চিহ্নিত করিবেন।

১২। **প্রচলিত মানদণ্ড।**—(১) বাণিজ্যিক ওজন ও পরিমাপনের শুদ্ধতা প্রতিপাদনের উদ্দেশ্যে, সরকার, প্রচলিত মানদণ্ড নামে, প্রয়োজনীয় সংখ্যক মানদণ্ডের সেট প্রস্তুত করিতে পারিবে এবং উক্তরূপ প্রতিটি সেট সেকেন্ডারি মানদণ্ডের সহিত প্রতিপাদন করিয়া নির্ভরযোগ্য করা যাইবে :

তবে শর্ত থাকে যে, স্বর্ণ ও রৌপ্যের বাট এবং মূল্যবান পাথর সংশ্লিষ্ট প্রচলিত মানদণ্ডসমূহ রেফারেন্স মানদণ্ডের সহিত সত্যতা প্রতিপাদন করিতে হইবে।

(২) প্রচলিত মানদণ্ডসমূহ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নির্ধারিত স্থান ও অবস্থায় সংরক্ষণ করা হইবে এবং, ক্ষেত্রমত, তৎকর্তৃক নির্ধারিত স্থানে ও পদ্ধতিতে প্রতিপাদন করা হইবে এবং এইরূপ সত্যতা প্রতিপাদন তারিখ দ্বারা চিহ্নিত করিতে হইবে।

(৩) নির্ধারিত বিরতিতে প্রতিপাদিত করা হয় নাই এইরূপ প্রচলিত মানদণ্ড পুনরায় প্রতিপাদনের তারিখ চিহ্নিত না হওয়া পর্যন্ত ব্যবহার করা যাইবে না।

**১৩। ওজন বা পরিমাপনের মানদণ্ড যন্ত্র।**—(১) ব্যবসা বা বাণিজ্যে ব্যবহৃত ওজন বা পরিমাপন যন্ত্রের শুদ্ধতা প্রতিপাদনের উদ্দেশ্যে, সরকার প্রয়োজনীয় সংখ্যক ওজন বা পরিমাপন যন্ত্র প্রস্তুত করিতে পারিবে এবং ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উহার শুদ্ধতা প্রতিপাদন এবং প্রতিপাদনের তারিখ চিহ্নিত হইবে।

(২) ওজন বা পরিমাপনের মানদণ্ড যন্ত্র সেকেন্ডারি মানদণ্ড অথবা প্রচলিত মানদণ্ড যেই স্থানে সংরক্ষণ করা হয় সে স্থানে সংরক্ষণ করিতে হইবে।

## অংশ ৩
## পরিদর্শক ও ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির ক্ষমতা, ইত্যাদি

**১৪। পরিদর্শক কর্তৃক সত্যতা প্রতিপাদন এবং সিলমোহর প্রদান।**—পরিদর্শক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি তাহার এখতিয়ারভুক্ত এলাকায় তাহার নিকট আনীত ওজন, পরিমাপন অথবা ওজন বা পরিমাপন যন্ত্র প্রতিপাদন করিবেন, এবং যদি তিনি উহা যথাযথ দেখিতে পান, তাহা হইলে সরকার যেরূপ নির্দেশ প্রদান করিবে সেইরূপে, সত্যতা প্রতিপাদনের সিলমোহর প্রদান করিবেন।

**১৫। ওজন ও পরিমাপন পরিদর্শন ও সত্যতা প্রতিপাদনের ক্ষমতা।**—(১) পরিদর্শক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যে কোনো যুক্তিসঙ্গত সময়ে, ব্যবসা বা বাণিজ্যের লেন-দেনে ব্যবহৃত যে কোনো ওজন, পরিমাপন, ওজন বা পরিমাপন যন্ত্র বা যে কোনো ব্যক্তির অধিকারে থাকা বা অনুরূপ ব্যবহারের উদ্দেশ্যে কোনো প্রাঙ্গানে রক্ষিত সকল সামগ্রী পরিদর্শন বা সত্যতা প্রতিপাদন করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন যে কোনো ওজন, পরিমাপন বা ওজন বা পরিমাপন যন্ত্র প্রতিপাদনের উদ্দেশ্যে, পরিদর্শক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি ব্যবসা বা বাণিজ্যের যে কোনো লেন-দেনের সময় বিক্রিত বা সরবরাহকৃত যে কোনো পণ্যের ওজন বা পরিমাণের সত্যতা প্রতিপাদন করিতে বা সত্যতা প্রতিপাদনের ব্যবস্থা করিতে পারিবেন।

(৩) যেক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন বিক্রীত বা বিক্রয়ের উদ্দেশ্যে রহিয়াছে এইরূপ কোনো ওজন পরিমাপন, ওজন বা পরিমাপন যন্ত্র বা অন্য কোনো পণ্য পরিদর্শন বা প্রতিপাদন করা হয় এবং উহাতে নির্দেশিত নির্দিষ্ট পরিমাণ পাওয়া না যায়, সেইক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি, উহা বাজেয়াপ্ত বা আটক করিতে পারিবেন।

(৪) উপ-ধারা (৩) এর অধীন বাজেয়াপ্তকৃত পণ্য দ্রুত ও স্বাভাবিক পচনশীল প্রকৃতির হইলে, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি, সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে, উক্ত পণ্য নিষ্পত্তি বা ধ্বংস করিতে পারিবেন।

(৫) যে কোনো অনুসন্ধান বা বাজেয়াপ্ত কার্যক্রম ফৌজদারি কার্যবিধির বিধান অনুসারে করা হইবে।

(৬) উপ-ধারা (৩) এর অধীন বাজেয়াপ্তকৃত প্রত্যেক ত্রুটিযুক্ত বা অপ্রতিপাদিত ওজন বা পরিমাপন অথবা পণ্য ইনস্টিটিউশন বরাবর বাজেয়াপ্ত হইবে :

তবে শর্ত থাকে যে, অপ্রতিপাদিত ওজন বা পরিমাপন ইনস্টিটিউশন বরাবর বাজেয়াপ্ত হইবে না, যদি যে ব্যক্তির নিকট হইতে এইরূপ ওজন বা পরিমাপন বাজেয়াপ্ত হইয়াছিল তিনি উহা বিধি দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে প্রতিপাদিত ও সিলমোহর প্রদানের ব্যবস্থা করেন।

১৬। **আবদ্ধ মোড়ক ও ধারণপাত্রের অভ্যন্তরস্থ বস্তু পরিদর্শন এবং প্রতিপাদনের ক্ষমতা।**—(১) যদি ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা পরিদর্শকের বিশ্বাস করিবার কারণ থাকে যে, বিক্রয়ের উদ্দেশ্যে আবদ্ধ মোড়ক বা ধারণপাত্রে নিট ওজনের বা পরিমাণের পণ্য নাই, তাহা হইলে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা, ক্ষেত্রমত, পরিদর্শক মোড়ক বা ধারণপাত্র খুলিতে পারিবেন এবং অভ্যন্তরস্থ বস্তুর ওজন বা পরিমাণ প্রতিপাদন করিতে পারিবেন।

(২) যদি উপ-ধারা (১) এর অধীন প্রতিপাদনের মাধ্যমে অভ্যন্তরস্থ বস্তুর নিট ওজন বা পরিমাণ—

(ক) মোড়ক বা ধারণপাত্রে নির্দেশিত পরিমাণের সমান পাওয়া যায়, তাহা হইলে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা, ক্ষেত্রমত, পরিদর্শক মোড়ক বা ধারণপাত্রের অভ্যন্তরস্থ বস্তুর ক্ষতিসাধন ব্যতীত, পুনরায় আবদ্ধ করিবার ব্যবস্থা করিবেন;

(খ) মোড়ক বা ধারণপাত্রের নির্দেশিত পরিমাণের সমান পাওয়া না যায়, তাহা হইলে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা, ক্ষেত্রমত, পরিদর্শক মোড়ক বা ধারণপাত্র বা ইহার অভ্যন্তরস্থ বস্তু বাজেয়াপ্ত বা আটক করিতে পারিবেন।

১৭। **ওজন এবং পরিমাপন উপযোগীকরণের ক্ষমতা।**—যদি ক্ষতাপ্রাপ্ত ব্যক্তি মনে করেন যে, কোনো এলাকায় কোনো ওজন, পরিমাপন অথবা ওজন বা পরিমাপন যন্ত্রের সমন্বয় সাধন করা বাঞ্ছনীয়, তাহা হইলে তিনি কোনো পরিদর্শককে, তৎকর্তৃক নির্দেশিত পদ্ধতিতে, উক্ত ওজন, পরিমাপন বা ওজন বা পরিমাপন যন্ত্র সমন্বয় করিবার জন্য নির্দেশ প্রদান করিবেন এবং পরিদর্শক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

১৮। **উৎপাদনকারী, মোড়কজাতকারী, ইত্যাদি কর্তৃক রেকর্ড ও দলিলপত্র সংরক্ষণ।**—ওজন বা পরিমাপন যন্ত্রের উৎপাদনকারী, মেরামতকারী বা ডিলার এবং ব্যবসায়-বাণিজ্যে উহার ব্যবহারকারী প্রত্যেক ব্যক্তি এবং মোড়কজাত পণ্য উৎপাদনকারী ও মোড়কজাতকারী এতদসম্পর্কিত রেকর্ড ও দলিলপত্র সংরক্ষণ করিবেন এবং, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা, ক্ষেত্রমত, পরিদর্শক তলব করিলে, এইরূপ রেকর্ড ও দলিলপত্র তাহার সম্মুখে উপস্থাপন করিতে বাধ্য থাকিবেন।

১৯। **প্রবেশ, ইত্যাদির ক্ষমতা।**—কোনো পরিদর্শক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি পরিদর্শন বা সত্যতা প্রতিপাদনের উদ্দেশ্যে কোনো প্রাঙ্গনে প্রবেশ করিতে পারিবেন, এবং যে কোনো ব্যবসায়ী বা কর্মচারী বা ব্যবসায়ীর প্রতিনিধিকে উপস্থিত হইতে নির্দেশ প্রদান করিতে পারিবেন, অথবা যে কোনো ওজন বা পরিমাপন, ওজন বা পরিমাপন যন্ত্র বা মোড়কজাত পণ্য বা যে কোনো দলিল বা তৎসংশ্লিষ্ট রেকর্ড অনুসন্ধানের জন্য তাহার সম্মুখে আনয়নের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবেন এবং উক্ত ব্যবসায়ী বা কর্মচারী বা ব্যবসায়িক প্রতিনিধি উক্ত নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

## অংশ ৪
## ওজন, পরিমাপন বা অন্যান্য শ্রেণির ব্যবসা বা বাণিজ্য

### অধ্যায় ১
### মডেল অনুমোদন

২০। **মডেল অনুমোদন।**—(১) প্রত্যেক ব্যক্তি, ওজন বা পরিমাপন তৈরি বা উৎপাদনের পূর্বে, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নিকট তদকর্তৃক নির্ধারিত সংখ্যক ওজন বা পরিমাপন সম্পর্কিত মডেল, নকশা এবং অন্যান্য তথ্য অনুমোদনের জন্য দাখিল করিবেন :

তবে শর্ত থাকে যে, যে সকল ওজন বা পরিমাপন ইতোমধ্যে তৈরি বা প্রস্তুত করা হইয়াছে অথবা তৈরি বা প্রস্তুতের প্রক্রিয়াধীন অবস্থায় রহিয়াছে সেই সকল ওজন বা পরিমাপন হইতে মডেল ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নিকট দাখিল করিতে হইবে :

আরও শর্ত থাকে যে, কোনো ওজন বা পরিমাপন উহার বৈশিষ্ট্যের বা অন্য কোনো কারণে দাখিল করা সম্ভব না হইলে উহার নকশা ও অন্যান্য নির্দিষ্ট তথ্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নিকট দাখিল করা যাইবে, এবং ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি অবিলম্বে ওজন ও পরিমাপনসমূহ যেস্থানে তৈরি বা উৎপাদিত হয় সেই স্থানে অথবা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোনো স্থানে পরীক্ষা করিতে পারিবেন।

(২) ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি অনুমোদনের জন্য দাখিলকৃত যে কোনো মডেল পরীক্ষার জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি উৎপাদনকারীর নিকট হইতে রশিদ প্রদানের মাধ্যমে সংগ্রহ করিতে পারিবেন।

(৩) ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি তাহার নিকট দাখিলকৃত কোনো মডেল নিম্নবর্ণিত উদ্দেশ্যে পরীক্ষা করিবেন, যথা :—

(ক) উক্ত মডেল মানদণ্ডের অনুরূপ কিনা উহা নিশ্চিত করা;

(খ) উক্ত মডেল সময়ের পরিক্রমায় টিকিয়া থাকিবার ক্ষমতা ও সঠিকতা বজায় রাখিতে সামর্থ্য কিনা উহা নির্ধারণ করা; এবং

(গ) মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নির্ধারিত অবস্থায় উক্ত মডেলসমূহের কার্যকারিতা নির্ণয় করা।

(৪) ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যদি উক্ত পরীক্ষার প্রতিবেদন বিবেচনার পর এই মর্মে সন্তুষ্ট হন যে, উক্ত মডেলসমূহ এই আইন বা তদধীন প্রণীত বিধি অনুসারে এবং সময়ের পরিক্রমায় টিকিয়া থাকিবে ও সঠিকতা বজায় রাখিবে, তাহা হইলে তিনি উক্ত মডেল অনুমোদনের সনদ ইস্যু করিতে পারিবেন।

(৫) মডেল অনুমোদনের সনদ সরকারি গেজেটে অথবা সরকারের নির্দেশ অনুসারে অন্য কোনো ভাবে প্রকাশিত হইবে।

(৬) ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যদি সন্তুষ্ট হন যে, তৎকর্তৃক অনুমোদিত মডেল অনুসারে প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য প্রত্যাশিত ফল প্রদানে ব্যর্থ হইয়াছে অথবা মানদণ্ডের উপযোগী হইতে ব্যর্থ হইয়াছে, তাহা হইলে তিনি উপ-ধারা (৪) এর অধীন তৎকর্তৃক ইস্যুকৃত সনদ বাতিল বা স্থগিত করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, এইরূপ ওজন বা পরিমাপনের উৎপাদনকারীকে শুনানির যুক্তিসংগত সুযোগ প্রদান ব্যতীত, কোনো সনদ বাতিল করা যাইবে না :

আরও শর্ত থাকে যে, যেইক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি সন্তুষ্ট হন যে, ওজন বা পরিমাপনের মডেলে প্রস্তুতকারক বা উৎপাদনকারী দ্বারা সম্পাদিত পরিবর্তনের কারণে, এইরূপ মডেল অনুমোদনের উপযুক্ত হইয়াছে, সেইক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি সনদ বাতিলের আদেশ প্রত্যাহার করিতে পারিবেন।

(৭) যেইক্ষেত্রে কোনো ওজন বা পরিমাপনের মডেল অনুমোদিত হইয়াছে, সেইক্ষেত্রে এইরূপ ওজন বা পরিমাপনের বিভিন্ন শ্রেণির (denominations) মডেলের অনুমোদনের প্রয়োজন হইবে না, যদি উহা মূল উপাদান অনুসারে তৈরি হইয়া থাকে।

২১। **ওজন বা পরিমাপন উৎপাদন করিবার লাইসেন্স।**—(১) ধারা ২০ এর অধীন কোনো ওজন বা পরিমাপনের মডেল অনুমোদিত হইলে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি উক্ত ওজন বা পরিমাপন তৈরি বা উৎপাদনের জন্য লাইসেন্স প্রদান করিতে পারিবেন।

(২) মডেল অনুমোদনের সনদ কোনো কারণে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক বাতিল হইলে বা অনুমোদিত মডেল অনুযায়ী ওজন বা পরিমাপন যন্ত্র উৎপাদন না করিলে ওজন বা পরিমাপন তৈরি বা উৎপাদনের জন্য ইস্যুকৃত লাইসেন্স স্থগিত করা যাইবে :

তবে শর্ত থাকে যে, পরবর্তীতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক এইরূপ মডেল অনুমোদিত হইলে উক্ত স্থগিতাবস্থা প্রত্যাহার করা যাইবে।

২২। **ওজন বা পরিমাপনে অনুমোদিত মডেলের নম্বর ধারণ, ইত্যাদি।**—প্রতিটি ওজন বা পরিমাপন, যাহার জন্য একটি মডেল অনুমোদন করা হইয়াছে, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে, সনদের নম্বর বা ক্রমিক বহন করিবে :

তবে শর্ত থাকে যে, যেইক্ষেত্রে সরকার মনে করে যে, আকার ও বৈশিষ্ট্যের কারণে কোনো ওজন বা পরিমাপনের উপর বিবরণের অন্তর্ভুক্তি সম্ভব নহে, সেইক্ষেত্রে উক্ত ওজন বা পরিমাপনের উপর উক্তরূপ অন্তর্ভুক্তি হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

## অধ্যায় ২

## এলপিজি ফিলিং স্টেশন, পেট্রোল পাম্প, ইত্যাদি

২৩। **এলপিজি ফিলিং স্টেশন, পাম্প, ইত্যাদি।**—(১) কোনো ব্যক্তি নিবন্ধন সনদ গ্রহণ ব্যতিরেকে এলপিজি, এলএনজি বটলিং, টার্মিনাল, প্লান্ট, পেট্রোল পাম্প স্টেশন, সিএনজি ফিলিং স্টেশন, এলএনজি ফিলিং স্টেশন বা এলপিজি ফিলিং স্টেশনের মাধ্যমে পণ্য লেদদেন বা ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করিতে পারিবেন না।

(২) এই ধারার অধীন নিবন্ধন সনদ গ্রহণের জন্য ইনস্টিটিউশন কর্তৃক নির্ধারিত ফিসহ মহাপরিচালক বরাবর আবেদন করিতে হইবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর মহাপরিচালক আবেদনপত্রটি পরিচালক (মেট্রোলজি) বরাবর প্রেরণ করিবেন এবং তিনি উহা যাঁচাই-বাছাই করিয়া সরেজমিনে পরিদর্শনপূর্বক সন্তুষ্ট হইলে, মহাপরিচালকের অনুমোদনক্রমে, বিধি দ্বারা নির্ধারিত ফি গ্রহণ সাপেক্ষে আবেদনকারীর

অনুকূলে ৩ (তিন) বৎসর মেয়াদকালের জন্য নিবন্ধন সনদ ইস্যু করিবেন যাহা প্রতি ৩ (তিন) বৎসর পর ফি গ্রহণ সাপেক্ষে নবায়নযোগ্য হইবে।

(৪) নিবন্ধনের আবেদন বা নবায়নের আবেদনের প্রেক্ষিতে পরিদর্শনের ক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি পণ্য লেন-দেনের কাজে ব্যবহৃত ওজন বা পরিমাপন যন্ত্র, স্টোরেজ ট্যাংক, আন্ডারগ্রাউন্ড ট্যাংক, ফ্লো-মিটার, ডিসপেন্সিং ইউনিট, প্রেসার মিটার, গোপনীয় কোড, যন্ত্রাদির মডেল এবং উহাদের উপযোগিতা ও পরিবর্তনশীলতা, ইত্যাদি এবং প্রতিষ্ঠানের অন্যান্য কাগজপত্র ও দলিলাদি পর্যবেক্ষণ ও পরীক্ষা করিতে পারিবেন।

## অধ্যায় ৩

## মোড়কজাত পণ্য

২৪। **পণ্য মোড়কজাতকরণ**।—(১) কোনো ব্যক্তি মোড়কজাত কোনো পণ্য—

(ক) তৈরি, উৎপাদন, মোড়কজাত বা বিক্রয় করিবেন না, বা মোড়কজাত বা বিক্রয়ের ব্যবস্থা করিবেন না;

(খ) পরিবেশন বা সরবরাহ করিবেন না অথবা পরিবেশন বা সরবরাহের ব্যবস্থা করিবেন না; বা

(গ) বিক্রয়ের উদ্দেশ্যে প্রদর্শন বা অধিকারে রাখিবেন না;

যদি না পণ্য সামগ্রী মোড়কজাতকরণের নিবন্ধন সনদপত্র থাকে এবং এইরূপ মোড়কের উপরিভাগে প্যানেলে বাংলা ভাষায় (বাংলা ভাষার অক্ষরের আকৃতিকে অধিক প্রাধান্য দিয়া) নিম্নবর্ণিত তথ্যসহ সকল ঘোষণা বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সংযোজিত থাকে,—

(অ) মোড়কের ভিতরের পণ্যের পরিচয়;

(আ) মোড়কের ভিতরের পণ্যের নিট পরিমাণ এবং পণ্য মোড়কজাত করিবার নির্দিষ্ট পরিমাণ বা সংখ্যা;

(ই) মোড়কের মধ্যে ধারণকৃত পণ্যের সঠিক সংখ্যা, যদি উক্তরূপ পণ্য সংখ্যার দ্বারা মোড়কজাত করা হয় বা বিক্রয় করা হয়;

(ঈ) মোড়কজাত পণ্যের সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য;

(উ) পণ্য উৎপাদনের তারিখ ও, প্রযোজ্য ক্ষেত্রে, উপযুক্ত ব্যবহারের মেয়াদ উত্তীর্ণের তারিখ; এবং

(ঊ) উৎপাদনকারী, মোড়কজাতকারী, পরিবেশক বা বিপণনকারীর নাম এবং কারখানা ও প্রতিষ্ঠানের পূর্ণ ঠিকানা।

**ব্যাখ্যা।—"প্যানেল"** অর্থ কোনো মোড়কের পৃষ্ঠদেশের সেই অংশ যেখানে বিভিন্ন তথ্য লিপিবদ্ধ থাকে, এবং লেবেলও ইহার অন্তর্ভুক্ত হইবে।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত প্রত্যেক পণ্যের মোড়কের মূল প্রদর্শনী প্যানেলে পণ্যের পরিচয় ও পরিমাণ স্থায়ীভাবে মুদ্রিত থাকিতে হইবে।

ব্যাখ্যা।—**"মূল প্রদর্শনী প্যানেল"** অর্থ কোনো মোড়কের প্যানেলের সেই অংশ যাহা স্বাভাবিক অবস্থায় বা বিক্রয় বা, বিপণনের সময় প্রদর্শনের উদ্দেশ্যে অধিক দৃষ্টিগ্রাহ্য বা আকর্ষণীয় করা হয়।

(৩) যেক্ষেত্রে কোনো পণ্যের মোড়ক বা উহার উপরিস্থিত লেবেলে অভ্যন্তরস্থ পণ্যের ওজন, পরিমাণ বা সংখ্যামানের ঘোষণা থাকে, সেইক্ষেত্রে মোড়ক বা লেবেলে এইরূপ ঘোষণায় নিট পরিমাণ উল্লেখের ক্ষেত্রে নিট পরিমাণ সংক্রান্ত একটি বিবৃতিও অন্তর্ভুক্ত থাকিবে।

(৪) মোড়কের উপরে ওজন, পরিমাণ বা সংখ্যাকে সীমিত বা বর্ধিত করিবার প্রবণতা সংক্রান্ত কোনো বর্ণনা এবং অভ্যন্তরস্থ বস্তু সম্পর্কে কোনো বিভ্রান্তিকর ও মিথ্যা তথ্য অন্তর্ভুক্ত করা যাইবে না।

(৫) মোড়কজাতকৃত কোনো পণ্যের বিজ্ঞাপনে খুচরা মূল্য বর্ণিত হইলে সেইক্ষেত্রে পণ্যের নিট পরিমাণ বা সংখ্যার বিষয়ে দৃষ্টিগ্রাহ্য ঘোষণা এবং উহার একক খুচরা বিক্রয় মূল্যও অন্তর্ভুক্ত করিতে হইবে।

(৬) কোনো ব্যক্তি মোড়কের অভ্যন্তরস্থ বস্তুর সুরক্ষা ব্যতীত নির্দিষ্ট ধারণক্ষমতাসম্পন্ন মোড়কে উহার চাইতে কম পণ্য বিক্রয়, বিতরণ বা সরবরাহের উদ্দেশ্যে মোড়কজাত করিতে পারিবেন না।

(৭) মোড়কজাতকৃত কোনো মেয়াদোত্তীর্ণ পণ্য কোনো উৎপাদনকারী, মোড়কজাতকারী, সরবরাহকারী বা পাইকারী বা খুচরা বিপণনকারী বিক্রয়ের উদ্দেশে প্রদর্শন বা সংরক্ষণ করিতে পারিবেন না।

(৮) স্থানীয়ভাবে মোড়কজাতকৃত এবং নিবন্ধনকৃত পণ্যের মোড়কের গায়ে ঘোষিত ওজন বা পরিমাণের সহিত লোগো বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্যবহার করিতে হইবে।

## অধ্যায় ৪

## ওজন বা পরিমাপনের উৎপাদন, আমদানি ও রপ্তানি এবং মোড়কজাত পণ্য

২৫। **সনদ বা, ক্ষেত্রমত, নিবন্ধন ব্যতীত ওজন বা পরিমাপন যন্ত্র মেরামত, সরবরাহ, আমদানি, রপ্তানি বা ক্রমাঙ্কন সংক্রান্ত কার্যক্রম নিষিদ্ধ।**—(১) কোনো ব্যক্তি সনদ গ্রহণ ব্যতিরেকে বাণিজ্যিক বা অন্য কোনো উদ্দেশ্যে—

(ক) মেরামতকারী হিসাবে ওজন বা পরিমাপন যন্ত্র মেরামত, সংযোজন বা সমন্বয় সাধন সংক্রান্ত ব্যবসা করিতে পারিবেন না;

(খ) সরবরাহকারী বা ডিলার হিসাবে ওজন বা পরিমাপন যন্ত্র ক্রয়, বিক্রয় সরবরাহ বা বিতরণ করিতে পারিবেন না;

(গ) ক্যালিব্রেটর হিসাবে ওজন বা পরিমাপন যন্ত্র ক্রমাঙ্কন বা সমতা বিধানের কাজ করিতে পারিবেন না।

ব্যাখ্যা।—**"ক্যালিব্রেটর"** অর্থ কোনো ব্যক্তি যিনি ওজন বা পরিমাপন যন্ত্র, স্টোরেজ ট্যাংক, অয়েল ট্যাংকার, বার্জ, ইত্যাদি ক্রমাঙ্কন বা সমতা বিধানের কাজ করেন।

(২) কোনো ব্যক্তি এই ধারার অধীন নিবন্ধন গ্রহণ ব্যতীত, কোনো ওজন বা পরিমাপন যন্ত্র আমদানি বা রপ্তানি করিতে পারিবেন না।

(৩) উপ-ধারা (২) এ বর্ণিত নিবন্ধন বা সনদ গ্রহণের জন্য বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতি ও সময়ের মধ্যে আবেদন করিতে হইবে।

(৪) ওজন বা পরিমাপন যন্ত্র প্রতিবার আমদানি বা রপ্তানি করিবার ক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নিকট হইতে অনুমতিপত্র গ্রহণ করিতে হইবে এবং নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে উক্ত যন্ত্রের প্রতিপাদন ও সীলমোহর যুক্ত করিতে হইবে।

২৬। **মানদণ্ডবিহীন ওজন বা পরিমাপন যন্ত্র বা অন্যান্য পণ্য রপ্তানির অনুমতি প্রদানের শর্তাদি।**—(১) সরকার, কোনো ওজন বা পরিমাপন যন্ত্র রপ্তানির জন্য নির্ধারিত শর্ত, সীমাবদ্ধতা ও বাধা-নিষেধ সাপেক্ষে অনুমতি প্রদান করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, উক্তরূপ ওজন বা পরিমাপন যন্ত্র, সরকারের পূর্ব অনুমতিক্রমে, সম্পূর্ণভাবে রপ্তানির উদ্দেশ্যে উৎপাদন করিতে হইবে :

আরও শর্ত থাকে যে, উক্তরূপ ওজন বা পরিমাপন যন্ত্র, এই আইনের অধীন বা এই আইন দ্বারা স্থিরিকৃত মানদণ্ডের উপযোগী হইবার আবশ্যকতা নাই।

(২) যেক্ষেত্রে কোনো পণ্য মোড়কজাত আকারে রপ্তানি করা হয়, সেইক্ষেত্রে রপ্তানিকারক, ওজন বা পরিমাপনের মানদণ্ড একক অনুসারে মোড়কের অভ্যন্তরস্থ বস্তুর নিট পরিমাণ এবং উহার অতিরিক্ত হিসাবে যে ব্যক্তির নিকট রপ্তানি করা হইবে, তৎকর্তৃক নির্ধারিত চাহিদা অনুসারে, এইরূপ ওজন বা পরিমাপনের এককে ইহার অভ্যন্তরস্থ বস্তুর নিট পরিমাণ নির্দেশ করিতে পারিবে।

(৩) উপ-ধারা (১) ও (২) এর বিধান সাপেক্ষে, রপ্তানিকারক আমদানিকারকের চাহিদা অনুযায়ী অন্যান্য বিষয়াদি উল্লেখ করিতে পারিবে।

২৭। **মেট্রিক পদ্ধতির ওজন বা পরিমাপন যন্ত্র আমদানি।**—কোনো ওজন বা পরিমাপন যন্ত্র আমদানি করা যাইবে না, যদি উহা দ্বারা—

(ক) মেট্রিক পদ্ধতির এককে পরিমাপ করা না যায়; এবং

(খ) মেট্রিক পদ্ধতির এককের পাশাপাশি অন্য পদ্ধতির এককেও পরিমাপ করা যায়।

২৮। **মানদণ্ড ওজন ও পরিমাপন ব্যতীত অন্য কোনো ওজন বা পরিমাপনের ব্যবহার নিষিদ্ধ।**—ব্যবসা বা বাণিজ্য, কোনো লেনদেন বা মালামাল সরবরাহের কাজে মেট্রিক পদ্ধতির অনুসরণ ব্যতীত অন্য কোনো পদ্ধতির ওজন বা পরিমাপন ব্যবহার করা যাইবে না।

২৯। **ওজন বা পরিমাপের মানদণ্ড এককে নির্ণিত পরিমাণ হইতে ভিন্ন পরিমাণ গ্রহণ বা দাবি নিষিদ্ধ, ইত্যাদি।**—কোনো প্রচলিত প্রথা, রীতিনীতি বা পদ্ধতিতে যাহা কিছুই থাকুক না কেন, কোনো ব্যক্তি ওজন বা পরিমাপের মানদণ্ডের পরিভাষায় নির্ণিত এবং চুক্তির দ্বারা নির্ধারিত পরিমাণের তুলনায় কম বা বেশি পরিমাণের পণ্য বা পণ্যের নির্ধারিত মূল্যের বেশি প্রদান, গ্রহণ বা দাবি করিতে পারিবেন না।

৩০। **ইমারত ও স্থাপনা তৈরি বা মেরামত করিবার ক্ষেত্রে সিডিউলে বা ব্রুশিয়ারে উল্লিখিত বা ঘোষিত পরিমাপ অনুসরণ।**—(১) কোনো ব্যক্তি কর্তৃক ইমারত বা স্থাপনা তৈরি বা মেরামত করিবার ক্ষেত্রে সিডিউল বা ব্রুশিয়ারে উল্লিখিত বা ঘোষিত পরিমাপ অনুসরণ করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত পরিমাপ ইনস্টিটিউশন বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ও ফি গ্রহণপূর্বক যাঁচাই ও সনদ প্রদান করিতে পারিবে।

৩১। **বাণিজ্যিক ওজন বা পরিমাপনের উপর মানদণ্ড এককসহ পরিমাণ ঘোষণা।**—কোনো ওজন বা পরিমাপনের উপরে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মানদণ্ড এককে পরিমাণ ঘোষণা না থাকিলে উহা বাণিজ্যিক ওজন বা পরিমাপন হিসাবে বিক্রয়, সরবরাহ বা অন্য কোনোভাবে ব্যবহার করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, সরকার, প্রয়োজনে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কোনো বাণিজ্যিক ওজন বা পরিমাপন বা ইহার যে কোনো শ্রেণিকে অনুরূপ আবশ্যকতা হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

৩২। **স্ট্যাম্পবিহীন বাণিজ্যিক ওজন বা পরিমাপন বিক্রয় ও ব্যবহার নিষিদ্ধ।**—(১) কোনো বাণিজ্যিক ওজন বা পরিমাপন বা ওজন বা পরিমাপন যন্ত্র বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে প্রতিপাদিত ও স্ট্যাম্পযুক্ত না হইলে বা উহার বৈধ ভেরিফিকেশন বা, ক্ষেত্রমত, ক্রমাঙ্কন সনদ না থাকিলে উহা বিক্রয়, সরবরাহ বা ব্যবহার করা বা অধিকারে রাখা যাইবে না:

তবে শর্ত থাকে যে, সরকার, প্রয়োজনে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কোনো বাণিজ্যিক ওজন বা পরিমাপন বা ইহার যে কোনো শ্রেণিকে উক্ত আবশ্যকতা হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

(২) যেক্ষেত্রে কোনো বাণিজ্যিক ওজন বা পরিমাপন বা ওজন বা পরিমাপন যন্ত্র কোনো ব্যবসায়ী বা তৎকর্তৃক নিযুক্ত কোনো কর্মচারী বা প্রতিনিধির অধিকারে পাওয়া যায়, সেইক্ষেত্রে, ভিন্নতর প্রমাণ না হওয়া পর্যন্ত, উহা উক্ত ব্যবসায়ী, কর্মচারী বা প্রতিনিধির অধিকারভুক্ত রহিয়াছে বলিয়া বিবেচনা করা হইবে।

(৩) কোনো ব্যক্তি বৈধ ভেরিফিকেশন বা, ক্ষেত্রমত, ক্রমাঙ্কন সনদ ব্যতীত স্টোরেজ ট্যাংক, অয়েল ট্যাংকার , লাইটারেজ, বার্জ ও ট্যাংকলরি, ফ্লোটিং পাম্প, ফ্লুইড ফ্লো মিটার, এনার্জি মিটার, ভিহিকল মিটার, ট্যাক্সি মিটার, গ্যাস মিটার, ওয়াটার মিটার বা অনুরূপ পরিমাপ বা পরিমাপন যন্ত্র ব্যবহার করিতে বা ব্যবহার করিবার ব্যবস্থা করিতে পারিবে না।

## অংশ ৫

## অপরাধ ও বিচার

৩৩। **ধারা ৮(৪) লঙ্ঘনের দণ্ড।**—কোনো ব্যক্তি যদি রপ্তানির উদ্দেশ্য ভিন্ন ওজন বা পরিমাপন বা সংখ্যামানের মানদণ্ড ব্যতীত কোনো ওজন বা পরিমাপন যন্ত্র তৈরি বা উৎপাদন করেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ১ (এক) বৎসরের কারাদণ্ড অথবা অনূর্ধ্ব ১ (এক) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৩৪। **ধারা ৮(৫) লঙ্ঘনের দণ্ড।**—কোনো ব্যক্তি যদি রপ্তানির উদ্দেশ্য ভিন্ন ওজন বা পরিমাপনের উপরিভাগে এইরূপ কোনো ওজন, পরিমাণ বা সংখ্যামান খোদাই করেন, যাহাতে মানদণ্ড একক অনুসরণ করা হয় নাই বা ওজন বা পরিমাপনের মানদণ্ডের অনুরূপ নহে, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ১ (এক) বৎসরের কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৩৫। **ধারা ১০, ১১ এবং ১২ লঙ্ঘনের দণ্ড।**—কোনো ব্যক্তি যদি সত্যতা প্রতিপাদনের জন্য পরিলক্ষিত ক্রটি সংশোধন ব্যতীত, অন্য কোনো উপায়ে রেফারেন্স মানদণ্ড, সেকেন্ডারি মানদণ্ড বা প্রচলিত মানদণ্ড পরিবর্তন করেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দন্ডিত হইবেন।

৩৬। **ধারা ১৮ লঙ্ঘনের দণ্ড।**—কোনো ব্যক্তি যদি যুক্তিসংগত কারণ ব্যতীত, এই আইনের অধীন কোনো রেকর্ড বা দলিলপত্র রক্ষণাবেক্ষণে ব্যর্থ বা অপারগ হন, অথবা পরিদর্শক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নির্দেশিত হইয়া, কোনো যুক্তি সঙ্গাত কারণ ব্যতীত, কোনো রেকর্ড বা দলিলপত্র উপস্থাপনে ব্যর্থ বা অপারগ হন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ৬ (ছয়) মাসের কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দন্ডিত হইবেন।

৩৭। **ধারা ২০ লঙ্ঘনের দণ্ড।**—(১) কোনো ব্যক্তি যদি, কোনো যুক্তিসংগত কারণ ব্যতীত, কোনো ওজন বা পরিমাপনের মডেল অনুমোদনের জন্য দাখিল করিতে ব্যর্থ হন বা অপারগ হন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ৬(ছয়) মাসের কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫০(পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(২) কোনো ব্যক্তি যদি, ধারা ২০ এর অধীন ওজন বা পরিমাপন সম্পর্কিত মডেল অনুমোদনের সনদ গ্রহণ ব্যতীত উহা বিক্রয়, বিতরণ, সরবরাহের জন্য তৈরি বা উৎপাদন করেন, অথবা বিক্রয় বা ব্যবসায় বা বাণিজ্যের উদ্দেশ্যে হস্তান্তর করেন, তাহা হইলে তিনি, অনূর্ধ্ব ২(দুই) বৎসরের কারাদণ্ড বা অনূর্ধ্ব ১(এক) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(৩) কোনো ব্যক্তি যদি, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির সুপারিশ বা অনুমোদন বহির্ভূত বস্তু দ্বারা কোনো ওজন বা পরিমাপন তৈরি বা উৎপাদন করেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ১(এক) লক্ষ টাকা অর্থদণ্ডসহ অনূর্ধ্ব ৩(তিন) বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৩৮। **ধারা ২১ লঙ্ঘনের দণ্ড**।—কোনো ব্যক্তি যদি, লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে বিক্রয়, বিতরণ, সরবরাহের উদ্দেশ্যে কোনো ওজন বা পরিমাপন যন্ত্র উৎপাদন করেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ১(এক) বৎসরের কারাদণ্ড বা অনূর্ধ্ব ১(এক) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৩৯। **ধারা ২২ লঙ্ঘনের দণ্ড**।—কোনো ব্যক্তি যদি, ধারা ২২ এর বিধান অনুসরণ ব্যতীত, কোনো ওজন বা পরিমাপন তৈরি বা উৎপাদন করেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ১(এক) বৎসরের কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫০(পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪০। **ধারা ২৩ লঙ্ঘনের দণ্ড**।—কোনো ব্যক্তি যদি নিবন্ধন সনদ গ্রহণ ব্যতীত এলপিজি, এলএনজি বটলিং, টার্মিনাল, প্লান্ট, পেট্রোলপাম্প স্টেশন, সিএনজি ফিলিং স্টেশন, এলপিজি ফিলিং স্টেশন, বা এলএনজি ফিলিং স্টেশন পরিচালনা করেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ১(এক) বৎসরের কারাদণ্ড বা অনূর্ধ্ব ২(দুই) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪১। **ধারা ২৪ লঙ্ঘনের দণ্ড**।—কোনো ব্যক্তি যদি ধারা ২৪ বা এই আইনের অধীন প্রণীত বিধির বিধানাবলি লঙ্ঘন করিয়া, মোড়কজাত আকারে, যে কোনো পণ্য বিক্রয়, পরিবেশন, সরবরাহ বা হস্তান্তর করেন অথবা পরিবেশন বা সরবরাহের ব্যবস্থা করেন, তাহা হইলে তিনি, অনূর্ধ্ব ১(এক) বৎসরের কারাদণ্ড বা অনূর্ধ্ব ১(এক) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪২। **ধারা ২৫ লঙ্ঘনের দণ্ড**।—কোনো ব্যক্তি যদি ধারা ২৫ এর বিধান লঙ্ঘন করেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ০৬(ছয়) মাসের কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫০(পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৩। **ধারা ২৬ লঙ্ঘনের দণ্ড**।—কোনো ব্যক্তি যদি সরকারের পূর্বানুমোদন ব্যতীত মোড়কজাত আকারে, কোনো ওজন বা পরিমাপন বা পণ্য রপ্তানি করেন, যাহা ওজন বা পরিমাপের মানদণ্ডের অনুরূপ নহে, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ১(এক) বৎসরের কারাদণ্ড বা অনূর্ধ্ব ১(এক) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৪। **ধারা ২৭ লঙ্ঘনের দণ্ড**।—কোনো ব্যক্তি যদি মেট্রিক পদ্ধতির এককে পরিমাপের উপযোগী নয় বা মেট্রিক পদ্ধতির এককের পাশাপাশি অন্য পদ্ধতির এককেও পরিমাপের উপযোগী ওজন বা পরিমাপন যন্ত্র আমদানি করেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ১(এক) বৎসরের কারাদণ্ড বা অনূর্ধ্ব ১(এক) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৫। **ধারা ২৮ লঙ্ঘনের দণ্ড**।—কোনো ব্যক্তি যদি ওজন বা পরিমাপন বা, ক্ষেত্রমত, সংখ্যামানের মানদণ্ড ব্যতীত, অন্য কোনো ওজন বা পরিমাপন বা সংখ্যামান ব্যবহার করেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ৬(ছয়) মাসের কারাদণ্ড অথবা অনূর্ধ্ব ৫০(পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৬। **ধারা ২৯ লঙ্ঘনের দণ্ড**।—কোনো ব্যক্তি যদি—

(ক) যে কোনো পরিমাণের বা সংখ্যায় কোনো বস্তু বা পণ্য বিক্রয়, সরবরাহ বা বিক্রয় বা সরবরাহের ব্যবস্থা করেন, যাহা চুক্তি বা অর্থ পরিশোধের বিনিময়ে প্রাপ্য পরিমাণ বা সংখ্যা হইতে কম হয়; বা

(খ) ওজন বা পরিমাপন বা সংখ্যা দ্বারা কোনো সেবা প্রদান করেন, যাহা চুক্তি বা অর্থ পরিশোধের বিনিময়ে সেবার তুলনায় কম হয়; বা

(গ) কোনো বস্তু বা পণ্য অথবা কোনো পরিমাণ বা সংখ্যার চুক্তি বা নির্দিষ্ট মূল্যের তুলনায় অতিরিক্ত পরিমাণ বা সংখ্যা দাবি বা দাবির ব্যবস্থা করেন, অথবা গ্রহণ বা গ্রহণের ব্যবস্থা করেন,

তাহা হইলে তিনি অনূর্ধ্ব ১(এক) বছরের কারাদণ্ড বা অনূর্ধ্ব ১(এক) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৭। **ধারা ৩০ লঙ্ঘনের দণ্ড।**—কোনো ব্যক্তি যদি ধারা ৩০ এর বিধান লঙ্ঘন করেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ০২(দুই) বৎসরের কারাদণ্ড বা অনূর্ধ্ব ২০(বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৮। **ধারা ৩২ লঙ্ঘনের দণ্ড।**—কোনো ব্যক্তি যদি বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে প্রতিপাদন ও স্ট্যাম্পযুক্ত না করিয়া বা বৈধ ভেরিফিকেশন বা, ক্ষেত্রমত, ক্রমাঙ্কন সনদ গ্রহণ ব্যতীত কোনো বাণিজ্যিক ওজন বা পরিমাপন বিক্রয়, সরবরাহ, ব্যবহার করেন বা অধিকারে রাখেন অথবা ব্যবহার বা অধিকারে রাখিবার ব্যবস্থা করেন তাহা হইলে তিনি অনূর্ধ্ব ১(এক) বৎসরের কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫০(পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৪৯। **ধারা ৬৭ লঙ্ঘনের দণ্ড।**—কোনো ব্যক্তি যদি ওজন, পরিমাণ বা সংখ্যামান মানদণ্ড একক ব্যতীত ভিন্নভাবে ধারা ৬৭ তে বর্ণিত ক্ষেত্রে উদ্ধৃত করেন, তাহা হইলে তিনি ১(এক) বৎসরের কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫০(পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৫০। **সীলমোহর জালকরণের দণ্ড, ইত্যাদি।**—কোনো ব্যক্তি যদি—

(ক) কোনো সীলমোহর অথবা স্ট্যাম্প জাল করেন; বা

(খ) জাল সীলমোহর অধিকারে রাখেন, বিক্রয় বা অন্য কোনোভাবে হস্তান্তর করেন; বা

(গ) কোনো স্ট্যাম্প সরাইয়া ফেলেন বা বিকৃত করেন; বা

(ঘ) কোনো স্ট্যাম্প সরাইয়া ফেলেন এবং অন্য কোনো ওজন বা পরিমাপনের উপরে আঁটিয়া বা প্রবিষ্ঠ করান; বা

(ঙ) কোনো ব্যক্তিকে প্রতারিত করিবার উদ্দেশ্যে বা প্রতারিত হইতে পারে এইরূপ বিশ্বাসে কোনো ওজন বা পরিমাপন বৃদ্ধি, হ্রাস বা পরিবর্তন করেন,

তাহা হইলে তিনি ৬(ছয়) মাস হইতে অনূর্ধ্ব ২(দুই) বৎসরের কারাদণ্ড বা অনূর্ধ্ব ১(এক) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৫১। **কতিপয় ক্ষেত্রে অনুমান করা।**—কোনো ব্যক্তি যদি কোনো প্রতারণামূলক (false) বা অপ্রতিপাদিত ওজন বা পরিমাপন তৈরি বা উৎপাদন করেন বা তাহার অধিকারে রাখেন অথবা হেফাজতে বা নিয়ন্ত্রণে রাখেন, তাহা হইলে, ভিন্নরূপ প্রমাণিত না হওয়া পর্যন্ত, অনুমান করা হইবে যে, এইরূপ ওজন বা পরিমাপন ব্যবসা বা বাণিজ্যের কার্যক্রমে ব্যবহার বা ব্যবহারের উদ্দেশ্যে প্রতারণামূলক ও অপ্রতিপাদিত ওজন বা পরিমাপন এইরূপ ব্যক্তি কর্তৃক জ্ঞাতসারে তৈরি বা উৎপাদিত, অধিকারভুক্ত বা নিয়ন্ত্রণাধীন ছিল।

৫২। **যেক্ষেত্রে দণ্ডের বিধান নির্দিষ্ট নহে।**—কোনো ব্যক্তি যদি এই আইন বা তদধীন প্রণীত বিধির কোনো বিধান লঙ্ঘন করেন, যাহা লঙ্ঘনের জন্য এই আইনে দণ্ডের বিধান নাই, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ৫০(পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত হইবেন।

৫৩। **কর্মচারীর ছদ্মবেশ গ্রহণের দণ্ড।**—কোনো ব্যক্তি যদি কোনোভাবে পরিদর্শক, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা অন্য কোনো কর্মচারীর ছদ্মবেশ গ্রহণ করেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ৫(পাঁচ) বৎসরের কারাদণ্ড বা অনূর্ধ্ব ২(দুই) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৫৪। **দায়িত্ব পালনে বাধা প্রদানের দণ্ড।**—কোনো ব্যক্তি যদি পরিদর্শক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে এই আইনের অধীন তাহার ক্ষমতা প্রয়োগ বা তাহার কার্য সম্পাদনে বাধা প্রদান করেন অথবা তাহার ক্ষমতা ব্যবহারে বাধা বা ভয় প্রদর্শন করিয়া তাহার দায়িত্ব হইতে নিবৃত্ত করিতে চাহেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ২(দুই) বৎসরের কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫(পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৫৫। **মিথ্যা তথ্য বা বিবরণ প্রদানের দণ্ড।**—কোনো ব্যক্তি যদি মিথ্যা জানিয়া বা মিথ্যা হইতে পারে বিশ্বাস করা সত্ত্বেও, কোনো তথ্য বা বিবরণী প্রদান করেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ৬(ছয়) মাসের কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫০(পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৫৬। **অপরাধ পুনঃসংঘটনের দণ্ড।**—কোনো ব্যক্তি যদি এই আইনে উল্লিখিত কোনো অপরাধের জন্য দণ্ডিত হইয়া দণ্ড ভোগ করিবার পর পুনরায় একই অপরাধ করেন, তাহা হইলে তিনি উক্ত অপরাধের জন্য সর্বোচ্চ যে দণ্ড রহিয়াছে উহার দ্বিগুণ দণ্ডনীয় হইবেন।

৫৭। **অপরাধ বিচারার্থে গ্রহণ।**—কোনো আদালত, ইনস্টিটিউশন কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা পরিদর্শকের লিখিত অভিযোগ ব্যতীত, এই আইনের অধীন কোনো মামলা বিচারার্থে গ্রহণ করিবে না।

৫৮। **অপরাধের বিচার।**—(১) ফৌজদারী কার্যবিধিতে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন অপরাধসমূহ, উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট আদালত বা, ক্ষেত্রমত, মেট্রোপলিটন এলাকায় মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, কর্তৃক বিচার্য হইবে।

(২) এই আইনের অধীন অপরাধ পুনঃসংঘটনের ক্ষেত্রে উহার বিচার, ক্ষেত্রমত, ফৌজদারী কার্যবিধির অধীন দায়রা আদালত কর্তৃক বিচার্য হইবে।

৫৯। **মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর প্রয়োগ।**—আপাতত বলবৎ অন্য কোনো আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন সংঘটিত অপরাধের ক্ষেত্রে, মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন) এর তপশিলভুক্ত হওয়া সাপেক্ষে, ধারা ৫৭ এর বিধান অনুসরণক্রমে, মোবাইল কোর্ট দণ্ড আরোপ করিতে পারিবে।

৬০। **অর্থদণ্ড আরোপের ক্ষেত্রে ম্যাজিস্ট্রেটের বিশেষ ক্ষমতা।**—ফৌজদারী কার্যবিধির ধারা ৩২ এ যাহা কিছুই থাকুক না কেন, কোনো ব্যক্তির উপর এই আইনের কোনো ধারায় উল্লিখিত অর্থদণ্ড আরোপের ক্ষেত্রে একজন প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট বা, ক্ষেত্রমত, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট উক্ত ধারায় উল্লিখিত অর্থদণ্ড আরোপ করিতে পারিবেন।

৬১। **বিভিন্ন অপরাধের মীমাংসা**।—(১) ধারা ৩৭, ৩৮, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১ বা ৫৩ এর অধীন দণ্ডনীয় কোনো অপরাধের অভিযোগ গঠনের পূর্বে বা পরে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কর্মচারী দ্বারা নির্ধারিত পরিমাণ অর্থ ইনস্টিটিউটের বরাবরে পরিশোধপূর্বক মীমাংসিত হইতে পারিবে :

তবে শর্ত থাকে যে, এইরূপ অর্থ, কোনো অবস্থাতেই এইরূপ অপরাধ মীমাংসার জন্য এই আইনের অধীন আরোপযোগ্য সর্বোচ্চ অর্থদণ্ডের পরিমাণকে অতিক্রম করিবে না।

(২) উপ-ধারা (১) এর বিধান এইরূপ কোনো ব্যক্তির ক্ষেত্রে প্রয়োগ করা যাইবে না, যিনি তাহার দ্বারা সংঘটিত প্রথম অপরাধ মীমাংসা হইবার তারিখ হইতে ৩(তিন) বৎসরের মধ্যে একই বা সদৃশ অপরাধ সংঘটিত করেন।

(৩) যেক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন কোনো অপরাধ মীমাংসা করা হয়, সেইক্ষেত্রে সংশ্লিষ্ট অপরাধীর বিরুদ্ধে কোনো কার্যক্রম বা পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা যাইবে না এবং অপরাধী হেফাজতে থাকিলে তাহাকে অবিলম্বে অভিযোগ হইতে অব্যাহতি প্রদান করা হইবে।

(৪) এই আইনের অধীন কোনো অপরাধ এই ধারার বিধান ব্যতীত মীমাংসা করা যাইবে না।

৬২। **ব্যয় বহন**।—এই আইনের অধীন যে কোনো কার্যক্রমের ক্ষেত্রে, যদি আদালত এই আইনে উল্লিখিত দণ্ড আরোপ করে, তাহা হইলে আদালত দণ্ডপ্রাপ্ত ব্যক্তিকে, এই আইনের অধীন গৃহীত যে কোনো বিশ্লেষণ বা পরীক্ষার ব্যয়সহ তৎকর্তৃক নির্ধারিত ব্যয়, ইনস্টিটিউশন বরাবর প্রদানের নির্দেশ প্রদান করিতে পারিবে এবং এইরূপ অর্থ উক্ত ব্যক্তির নিকট হইতে এইরূপে আদায় করা হইবে যেন উক্ত অর্থদণ্ড এই আইনের অধীন আরোপ করা হইয়াছে।

৬৩। **কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটন**।—(১) কোনো কোম্পানি কর্তৃক অপরাধ সংঘটনের ক্ষেত্রে, উক্ত অপরাধের সহিত প্রত্যক্ষ সংশ্লিষ্টতা রহিয়াছে বা অপরাধ সংঘটনের সময় ব্যবসা পরিচালনার দায়িত্বে ছিলেন কোম্পানির এইরূপ প্রত্যেক পরিচালক, ম্যানেজার, সচিব, অংশীদার, কর্মকর্তা এবং কর্মচারি উক্ত অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে হইয়াছে অথবা উক্ত অপরাধ রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত কোম্পানি আইনগত ব্যক্তিসত্তা বিশিষ্ট সংস্থা (Body Corporate) হইলে, উপ-ধারা (১) এ উল্লিখিত ব্যক্তিকে অভিযুক্ত ও দোষী সাব্যস্ত করা ছাড়াও উক্ত কোম্পানিকে আলাদাভাবে একই কার্যধারায় অভিযুক্ত ও দোষী সাব্যস্ত করা যাইবে, তবে ফৌজদারি মামলায় উহার উপর সংশ্লিষ্ট বিধান অনুসারে কেবল অর্থদণ্ড আরোপ করা যাইবে।

ব্যাখ্যা।—এই ধারায়—

(ক) **"কোম্পানি"** অর্থে কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠান, অংশিদারি কারবার, সমিতি, সংঘ বা সংগঠনও অন্তর্ভুক্ত;

(খ) বাণিজ্যিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে, **"পরিচালক"** অর্থে উহার কোনো অংশিদার বা পরিচালনা বোর্ডের সদস্যও অন্তর্ভুক্ত।

৬৪। **এই আইনের অধীনে সংঘটিত অপরাধের ক্ষেত্রে Penal Code, 1860 এর বিধানাবলি প্রযোজ্য না হওয়া।**—এই আইনের অধীন ওজন বা পরিমাপন সংক্রান্ত অপরাধসমূহের ক্ষেত্রে, Penal Code, 1860(Act No. XLV of 1860 এর বিধানাবলি প্রযোজ্য হইবে না।

৬৫। **অসৎ উদ্দেশ্যে কার্য, ইত্যাদির দণ্ড।**—কোনো সরকারি কর্মচারী এই আইন প্রয়োগ বা বাস্তবায়ন করিবার ক্ষেত্রে অসৎ উদ্দেশ্যে কোনো কার্য করিলে বা ক্ষমতার অপব্যবহার করিলে তিনি প্রচলিত আইন অনুসারে দণ্ডিত হইবেন।

## অংশ ৬
## বিবিধ

৬৬। **জরিপ ও পরিসংখ্যান।**—ওজন, পরিমাপন বা সংখ্যামানের মানদণ্ড যে কোনো এলাকায় বাস্তবায়ন নিশ্চিতকরণের উদ্দেশ্যে অথবা যে কোনো শ্রেণির শিল্প উদ্যোগ, ব্যবহারকারী বা পণ্যের প্রসার নিশ্চিতকরণের উদ্দেশ্যে, সরকার জরিপ করিতে বা জরিপের ব্যবস্থা করিতে পারিবে এবং পরিসংখ্যান সংগ্রহ বা সংগ্রহের ব্যবস্থা করিবে এবং ওজন বা পরিমাপন ব্যবহারকারী প্রত্যেক ব্যক্তির কর্তব্য হইবে এইরূপ জরিপ সম্পন্নকারী বা পরিসংখ্যান সংগ্রহকারী ব্যক্তিকে প্রয়োজন অনুসারে সহায়তা প্রদান করা।

৬৭। **ওজন বা পরিমাণ বা সংখ্যামান, মানদণ্ড এককের পরিভাষা ব্যতীত, ভিন্নভাবে উদ্ধৃত করা, ইত্যাদি নিষিদ্ধ।**—যে কোনো দ্রব্য, বস্তু বা সেবা সম্পর্কে কোনো ব্যক্তি ওজন বা পরিমান বা সংখ্যামান উদ্ধৃত করিবার ক্ষেত্রে মানদণ্ড একক ব্যতীত নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করিবেন না, যথা :—

(ক) মুখের ভাষায় বা ভিন্নভাবে কোনো মূল্য বা চার্জ ঘোষণা বা উদ্ধৃত করা;

(খ) কোনো মূল্য তালিকা, চালান, ক্যাশ মেমো বা অন্য কোনো দলিল ইস্যু বা প্রদর্শন;

(গ) কোনো বিজ্ঞাপন, পোস্টার বা অন্য কোনো দলিল তৈরি বা প্রকাশ;

(ঘ) কোনো মোড়কের অভ্যন্তরস্থ বস্তুর পরিমাণ ইহার উপরিভাগে বা কোনো লেবেলে, কার্টুন বা অন্য জিনিসের উপরিভাগে প্রদর্শন;

(ঙ) কোনো ধারণপাত্রের উপরে ধারণ ক্ষমতার পরিমাণ নির্দেশ করা; বা

(চ) কোনো পরিমাণ বা মাত্রা প্রকাশ করা।

৬৮। **মানদণ্ড একক নহে এইরূপ একক কোনো দলিলে উল্লেখ না করা।**—(১) ওজন বা পরিমাপন বা সংখ্যামানের মানদণ্ড একক ব্যতীত, অন্য কোনো এককের ওজন বা পরিমাপন বা সংখ্যামান কোনো আইন, প্রজ্ঞাপন, বিধি, আদেশ, চুক্তি বা অন্য কোনো দলিলে উল্লেখ করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, রপ্তানিমুখী পণ্যের উপরে বা তৎসম্পর্কিত যে কোনো চুক্তিতে ওজন, পরিমাপন বা সংখ্যামানের মানদণ্ড এককের সহিত অন্য কোনো পদ্ধতির ওজন, পরিমাপন বা সংখ্যামান উল্লেখ করা যাইবে।

(২) কোনো পরিমাপের ফলাফলের লিখিত রেকর্ড ওজন বা পরিমাপন বা সংখ্যামানের মানদণ্ড একক ব্যতীত অন্য কোনো এককে সংরক্ষণ করা যাইবে না।

৬৯। **প্রশিক্ষণ**।—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, ইনস্টিটিউশন, উহার কর্মচারী বা অন্য কোনো ব্যক্তিকে পরিমাপবিদ্যা (Metrology) সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করিতে পারিবে।

(২) প্রশিক্ষণ সম্পর্কিত বিষয়াদি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

৭০। **আপিল**।—(১) ধারা ১৫ বা ২০ এর অধীন প্রদত্ত আদেশ দ্বারা সংক্ষুব্ধ কোনো ব্যক্তি আদেশ প্রদানের তারিখ হইতে ৬০ (ষাট) দিনের মধ্যে উক্ত আদেশের বিরুদ্ধে বিধি দ্বারা নির্ধারিত ফি পরিশোধপূর্বক মহাপরিচালকের নিকট আপিল দায়ের করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, যদি মহাপরিচালক এই মর্মে সন্তুষ্ট হন যে, আপিলকারী উল্লিখিত ৬০ (ষাট) দিনের মধ্যে আপিল দায়ের করিতে যুক্তিসঙ্গত কারণে বাধাগ্রস্ত হইয়াছিলেন, তাহা হইলে তিনি পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপিল দায়েরের জন্য আপিলকারীকে অনুমতি প্রদান করিতে পারিবেন।

(২) মহাপরিচালক আপিলের পক্ষগণকে শুনানির যুক্তিসংগত সুযোগ প্রদানের পর, যেইরূপ উপযুক্ত মনে করিবেন সেইরূপ আদেশ প্রদান করিবেন বা, প্রয়োজনে, অধিকতর সাক্ষ্য-প্রমাণ গ্রহণের পর নূতন আদেশ প্রদানের জন্য নির্দেশনা প্রদান করিতে পারিবেন।

(৩) মহাপরিচালক, স্বপ্রণোদিত হইয়া বা অন্যভাবে সিদ্ধান্তের যথার্থতা বা শুদ্ধতা সংক্রান্ত সন্তুষ্টির জন্য কোনো কার্যধারার রেকর্ড তলব ও পরীক্ষা এবং উক্ত বিষয়ে যথাযথ আদেশ প্রদান করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, সংক্ষুব্ধ পক্ষকে কারণ দর্শানোর যুক্তিসঙ্গত সুযোগ প্রদান না করিয়া এই উপ-ধারার অধীন কোনো সিদ্ধান্ত বা আদেশ পরিবর্তন করা যাইবে না।

৭১। **ফিস নির্ধারণ**।—(১) সরকার, ধারা ৭২ এর অধীন প্রণীত বিধি দ্বারা, নিম্নবর্ণিত বিষয়ে ফি নির্ধারণ করিতে পারিবে, যথা :—

(ক) ক্রয়, বিক্রয়, পরিবেশন বা সরবরাহের জন্য তৈরি বা মোড়কজাতকৃত পণ্য পরীক্ষা ও নিবন্ধন;

(খ) যে কোনো ওজন বা পরিমাপনের মডেল পরীক্ষণ, নিবন্ধন ও অনুমোদন এবং লাইসেন্স প্রদান;

(গ) টেস্ট ওজন, ভার, কাউন্টার ওজন, ইত্যাদি এবং বাণিজ্যিক, শিল্প বা বৈজ্ঞানিক ক্যাটাগরির ওজন, পরিমাপন এবং ওজন বা পরিমাপন যন্ত্রের সত্যতা প্রতিপাদন ও সিলমোহর প্রদান;

(ঘ) প্রচলিত ও সেকেন্ডারি ক্যাটাগরির ওজন বা পরিমাপনের প্রতিপাদন ও সিলমোহর প্রদান;

(ঙ) কোনো দলিলের অনুলিপি প্রদান;

(চ) ওজন বা পরিমাপন যন্ত্রের রপ্তানিকারক বা আমদানিকারকগণের নিবন্ধন;

(ছ) এই আইনের অধীন যে কোনো আপিল দায়ের;

(জ) যেকোনো ওজন, পরিমাপন বা ওজন বা পরিমাপন যন্ত্র সংশ্লিষ্ট উৎপাদনকারী, মেরামতকারী, ক্যালিব্রেটর, সরবরাহকারী বা ডিলারগণকে সনদ প্রদান;

(ঝ) এলপিজি, এলএনজি বটলিং, টার্মিনাল, প্লান্ট, পেট্রোলপাম্প স্টেশন, সিএনজি ফিলিং স্টেশন, এলএনজি ফিলিং স্টেশন এবং এলপিজি ফিলিং স্টেশনের নিবন্ধন বা, ক্ষেত্রমত, অনুমোদন বা ছাড়পত্র এবং ডিসপেন্সিং ইউনিট ভেরিফিকেশন বা বোতলজাত গ্যাসের পরীক্ষণ, ইত্যাদি সংক্রান্ত ফি নির্ধারণ।

(২) উপ-ধারা (১) এর অধীন নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে অনুমোদন, সত্যতা প্রতিপাদন, সিলমোহর প্রদান, অনুলিপি অনুমোদন বা নিবন্ধন করা হইবে বা আপিল গৃহীত হইবে।

৭২। **বিধি প্রণয়নের ক্ষমতা।**—(১) সরকার, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

(২) বিশেষত এবং পূর্বোক্ত ক্ষমতার সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া, নিম্নবর্ণিত সকল বা যে কোনো বিষয়ে বিধি প্রণয়ন করা যাইবে, যথা :—

(ক) ওজন ও পরিমাপ বিষয়ক সাধারণ সম্মেলন বা আইনসম্মত পরিমাপ সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থার সুপারিশ অনুসারে ওজন বা পরিমাপের সম্পূরক একক, লব্ধ একক, বিশেষ বা অন্যান্য একক, মানদণ্ড প্রতীক বা মানদণ্ড সংজ্ঞা;

(খ) ওজন ও পরিমাপ বিষয়ক সাধারণ সম্মেলন বা আইনসম্মত পরিমাপ সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থার সুপারিশ অনুসারে ওজন বা পরিমাপের এককসমূহের গুণিতক এবং উপগুণিতক, ওজন বা পরিমাপের এককসমূহের বিষয়ে ভৌত ধ্রুব সংখ্যাগুলির অনুপাত বা সংখ্যার মানদণ্ড সংজ্ঞা বা প্রতীক;

(গ) সংখ্যার গুণিতক এবং উপ-গুণিতকের সংখ্যামান এবং উহা লিখনের পদ্ধতি;

(ঘ) ধারা ৭ ও ৮ এ উল্লিখিত বস্তু বা সরঞ্জামের সঠিকতা প্রতিপাদনের পর্যায়ক্রমিক বিরতি;

(ঙ) ওজন বা পরিমাপন সংক্রান্ত ভৌত ধর্ম, বাহ্যিক গঠন, গঠন সংক্রান্ত পুঙ্ক্ষানুপুঙ্ক্ষ বর্ণনা, উপাদান, সরঞ্জাম, কার্য সম্পাদন, সহনীয় ক্ষমতা, পরীক্ষা পদ্ধতি বা পরীক্ষার কার্যপ্রণালি;

(চ) মানদণ্ডবিহীন ওজন বা পরিমাপন যন্ত্র রপ্তানির উদ্দেশ্যে উৎপাদন বা রপ্তানির শর্ত ও নিয়ন্ত্রণ;

(ছ) পণ্যের শ্রেণি বা ভোক্তাশ্রেণি যাহাদের সম্বন্ধে কোনো লেনদেন, ক্রয়-বিক্রয় বা চুক্তি সম্পাদন করা যাইবে না;

(জ) মোড়কের অভ্যন্তরস্থ বস্তু সম্পর্কে ঘোষণা প্রণালি এবং ওজন বা পরিমাপন বা সংখ্যামানের মানদণ্ডের একক যাহা অনুসরণ করিয়া মোড়কের উপরে খুচরা বিক্রয় মূল্য ঘোষিত হয়;

(ঝ) পণ্য মোড়কজাতকরণের পরিমাণ বা সংখ্যামানের মানদণ্ড;

(ঞ) মোড়কজাত পণ্য উৎপাদনকারী বা মোড়কজাতকারী প্রতিষ্ঠান পরিদর্শন, পণ্যসহ মোড়কের নমুনা সংগ্রহ, যাচাই বা পরীক্ষা পদ্ধতি এবং মোড়কজাত পণ্যের অভ্যন্তরস্থ নিট বস্তুর যুক্তিসঙ্গত পরিবর্তনশীলতা;

(ট) প্রথম ক্যাটাগরি বা দ্বিতীয় ক্যাটাগরির ওজন বা পরিমাপনের শ্রেণি;

(ঠ) বিশেষ সিলমোহর যাহার দ্বারা প্রথম ক্যাটাগরির ওজন বা পরিমাপনের সিলের ছাপ প্রদান করা হয়;

(ড) ওজন বা পরিমাপন যন্ত্র আমদানিকারক ও রপ্তানিকারকের নিবন্ধন বহিতে নাম অন্তর্ভুক্তির জন্য আবেদনপত্র দাখিলের ফরম, পদ্ধতি ও সময়সীমা;

(ঢ) ওজন বা পরিমাপন যন্ত্র রপ্তানিকারক ও আমদানিকারকের নিবন্ধন সনদ নবায়নের মেয়াদ;

(ণ) ধারা ৭০ এর অধীন ফি এর পরিমাণ নির্ধারণ;

(ত) নির্ধারিত বা নির্ধারিতব্য যে কোনো বিষয়।

৭৩। **প্রবিধান প্রণয়নের ক্ষমতা।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, ইনস্টিটিউশন, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন ও তদধীন প্রণীত বিধির সহিত অসামঞ্জস্যপূর্ণ নহে এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

৭৪। **রহিতকরণ ও হেফাজত।**—(১) Standards of Weights and Measures Ordinance, 1982 (Ordinance No. XII of 1982), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Ordinance এর অধীন—

(ক) কৃত কোনো কাজ বা গৃহীত কোনো ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) চলমান কোনো কার্যক্রম, যতদূর সম্ভব, এই আইনের অধীন নিষ্পত্তি করিতে হইবে;

(গ) ইনস্টিটিউশনের বিরুদ্ধে বা তদ্‌কর্তৃক দায়েকৃত মামলা বা আইনগত কার্যধারা এমনভাবে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত Ordinance রহিত হয় নাই;

(ঘ) প্রণীত কোনো বিধি বা প্রবিধান, জারিকৃত কোনো প্রজ্ঞাপন, প্রদত্ত কোনো আদেশ, নির্দেশ, অনুমোদন এবং সুপারিশ উক্তরূপ রহিতের অব্যবহিত পূর্বে বলবৎ থাকিলে, এই আইনের কোনো বিধানের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, উহা এই আইনের অনুরূপ বিধানের অধীন প্রণীত, জারিকৃত, এবং প্রদত্ত বলিয়া গণ্য হইবে এবং এই আইনের অধীন রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

**তপশিল**

[ধারা ৯ দ্রষ্টব্য]

(১) ভর **(mass)**

| | | |
|---|---|---|
| ১ গ্রেইন | =০.০০০ ০৬৪ ৭৯৮ ৯১ | কিলোগ্রাম |
| ১ তোলা | =০.০১১ ৬৬৩ ৮০৩ ৮ | কিলোগ্রাম |
| ১ সের | =০.৯৩৩ ১০৪ ৩০৪ | কিলোগ্রাম |
| ১ মণ | =৩৭.৩২৪ ১৭২ ১৬ | কিলোগ্রাম |
| ১ আউন্স | =০.০৩১ ১০৩ ৪৭৬ ৮ | কিলোগ্রাম |
| ১ পাউন্ড | =০.৪৫৩ ৫৯২ ৩৭ | কিলোগ্রাম |
| ১০০ ওজন (ইউ কে) | =৫০.৮০২ ৩৪৫ ৪৪ | কিলোগ্রাম |
| ১০০ ওজন (ইউ এস এ) | =৪৫.৩৫৯ ২৩৭ | কিলোগ্রাম |
| ১ টন (ইউ কে) | =১০১৬.০৪৬ ৯০৮ ৮ | কিলোগ্রাম |
| ১ টন (ইউ এস এ) | =৯০৭.১৮৪ ৭৪ | কিলোগ্রাম |

(২) দৈর্ঘ্য **(length)**

| | | |
|---|---|---|
| ১ ইঞ্চি | =০.০২৫ ৪ | মিটার |
| ১ ফুট | =০.৩০৪ ৮ | মিটার |
| ১ গজ | =০.৯১৪ ৪ | মিটার |
| ১ মাইল | =১৬০৯.৩৪৪ | মিটার |
| ১ নটিক্যাল মাইল (ইউ কে) | =১৮৫৩.১৮ | মিটার |
| ১ আন্তর্জাতিক নটিক্যাল মাইল (ইউ কে) | =১৮৫২ | মিটার |
| ১ ফুট | =০.৩০৪ ৭৯৯ | মিটার |

কেবল বাংলাদেশে জরিপের জন্য

**(৩) ক্ষেত্রফল (area)**

| | | |
|---|---|---|
| ১ বর্গ ইঞ্চি | =০.০০০ ৬৪৫ ১৬ | বর্গ মিটার |
| ১ বর্গ ফুট | =০.০৯২ ৯০৩ ০৪ | বর্গ মিটার |
| ১ বর্গ গজ | =০.৮৩৬ ১২৭ ৫৬ | বর্গ মিটার |
| ১ বর্গ মাইল | =২৫৮৯ ৯৮৮.১১০ ৩৩৬ | বর্গ মিটার |

কেবল বাংলাদেশে জরিপের জন্য

| | | |
|---|---|---|
| ১ বর্গ ফুট | =০.০৯২ ৯০৩ | বর্গ মিটার |
| ১ একর | =৪০৪৬.৮৫৬১ | বর্গ মিটার |
| | ০.৪০৪ ৬৮৫৬১ | হেক্টর |

**(৪) আয়তন (volume)**

| | | |
|---|---|---|
| ১ ঘন ইঞ্চি | =০.০০০ ০১৬ ৩৮৭ ০৬৪ | ঘন মিটার |
| ১ ঘন ফুট | =০.০২৮ ৩১৬ ৮৪৬ ৫৯২ | ঘন মিটার |
| ১ ঘন গজ | =০.৭৬৪ ৫৫৪ ৮৫৭ ৯৮৪ | ঘন মিটার |
| ১ গ্যালন (ইউ.কে.) | =০.০০৪ ৫৪৬ ০৮৭<br>=৪.৫৪৬ ০৮৭ | ঘন লিটার<br>লিটার |
| ১ গ্যালন (ইউ.এস.এ.) | =০.০০৩ ৭৮৫ ৪১১ ৭৮৪<br>=৩.৭৮৫ ৪১১ ৭৮৪ | ঘন লিটার<br>লিটার |
| ১ বাসেল (ইউ.এস.এ.)<br>(২১৫০.৪২ ঘন ইঞ্চি) | =০.০৩৫ ২৩৯ ০৭০ ১৭ | ঘন লিটার |
| ১ ব্যারেল (পেট্রোলিয়ামের জন্য) | =০.১৫৮ ৯৮৭ ২৯৪ ৯২৮ | ঘন লিটার |
| ১ একর-ফুট | =১২৩৩.৪৮২ | ঘন মিটার |

**(৫) তাপমাত্রা (temperature)**

| | |
|---|---|
| ১ ডিগ্রি ফারেনহাইট | =৯/৫ T–৪৫৯.৬৭ কেলভিন (k) |
| ১ ডিগ্রি সেলসিয়াস | = T–২৭৩.১৫ কেলভিন (k) |
| ১ ডিগ্রি কেলভিন | = θ+২৭৩.১৫ ডিগ্রি সেলসিয়াস (°C) |
| | =৫/৯ (t+৪৫৯.৬৭) ডিগ্রি ফারেনহাইট (°F) |

(৬) বল **(force)**

| | | |
|---|---|---|
| ১ পাউন্ড-বল | =৪.৪৪৮ ২২১ ৬১৫ ২৬০৫ | নিউটন |
| ১ পাউন্ডেল | =০.১৩৮ ২৫৪ ৯৫৪ ৩৭৬ | নিউটন |

(৭) চাপ **(pressure)**

| | | |
|---|---|---|
| ১ ব্যারোমেট্রিক ইঞ্চি অব্ মারকারি | =৩ ৩৮৬.৩৮৮ ৬৪০ ৩৪১ | পেসকেল |
| ১ ইঞ্চি পানি | =২৪৯.০৮৮ ৯১ | পেসকেল |

(৮) শক্তি **(energy)**

| | | |
|---|---|---|
| ১ ব্রিটিশ থার্মাল ইউনিট | =১০৫৫.০৫৫ ৮৫২ ৬২ | জুল |
| ১ ফুট-পাউন্ড-ফোর্স | =১.৩৫৫ ৮১৭ ৯৪৮ ৩৩১ ৪০৪ | জুল |

(৯) ক্ষমতা **(power)**

| | | |
|---|---|---|
| ১ অশ্ব ক্ষমতা (ইউ. কে.) | =৭৪৫.৬৯৯ ৮৭১ ৫৮২ ২৭০ ২২ | ওয়াট |
| ১ অশ্ব ক্ষমতা (ইউরোপিয়ান) | =৭৩৫.৪৯৮ ৭৫ | ওয়াট |
| ১ টন রেফ্রিজারেশন | =৩৫১৬.৮৫২ ৮৪২ ৬৭ | ওয়াট |

(১০) ব্যান্ডউইথ **(Bandwith)**

| | | |
|---|---|---|
| ১ কিলোবিটস (Kb) | =১০২৪ | বিটস (b) |
| ১ মেগাবিটস (Mb) | =১০২৪ | কিলোবিটস (Kb) |
| ১ গিগাবিটস (Gb) | =১০২৪ | মেগাবিটস (Mb) |

বিট এর প্রতীক “b” (“bit” represented by “b”)

তথ্য আদান-প্রদানের হারকে ব্যান্ডউইথ বলা হয়, একটি চ্যানেলের মাধ্যমে সর্বোচ্চ যে পরিমাণ তথ্যাদি (বিটস/ সেকেন্ড) প্রবাহিত হইতে পারে (Bandwith means data Transmission rate, The maximum amount of information (bits/second) that can be transmitted along a channel.)।

**Synchronous Transport Module**

(SDH ITU-T fiber optic network transmission standard)

| | |
|---|---|
| 1 E1 | =২.০৪৮ মেগাবিটস পার সেকেন্ড (Mbps) |
| 1 STM-1 | =১৫৫.৫২ মেগাবিটস পার সেকেন্ড (Mbps) |
| 1 STM-4 | =৬২২.০৮ মেগাবিটস পার সেকেন্ড (Mbps) |
| 1 STM-16 | =২৪৮৮.৩২ মেগাবিটস পার সেকেন্ড (Mbps) |
| 1 STM-64 | = ৯৯৫৩.২৮ মেগাবিটস পার সেকেন্ড (Mbps) |

ট্রাফিক ডেনসিটি (Traffic Density)

| | |
|---|---|
| ১ ইয়ারল্যাং (E) | = ১ ট্রাফিক ইউনিট |
| | = ৩৬০০ কল-সেকেন্ড/প্রতি ঘন্টা |
| | = ৩৬ ccs/প্রতি ঘন্টা |
| | = ১ কল-আওয়ার/প্রতি ঘন্টা |

ইয়ারল্যাং এর প্রতীক “E” (Earlang are represented by “E”)

(১১) তথ্য সংরক্ষণ (**Data Storage Capacity**)

| | |
|---|---|
| ১ বাইট (B) | = ৮ বিটস (bits) |
| ১ কিলোবাইট (KB) | = ১০২৪ বাইট (B) |
| ১ মেগাবাইট (MB) | = ১০২৪ কিলোবাইট (KB) |
| ১ গিগাবাইট (GB) | = ১০২৪ মেগাবাইট (MB) |
| ১ টেরাবাইট (TB) | = ১০২৪ গিগাবাইট (GB) |

বাইট এর প্রতীক “B” (Bytes are represented by “B”)

(১২) ফ্রিকোয়েন্সি (**Frequency**)

| | |
|---|---|
| ১ হার্টস (Hertz) | = ১ সাইকেল/প্রতি সেকেন্ড |

(১৩) শব্দের তীব্রতা (**Intensity of Sound**)

| | |
|---|---|
| ১ ডেসিবেল (Decibel) | = ২০ মাইক্রোপ্যাসকেল (Micropascals) চাপ (বাতাসে) |

**ড. মোঃ আব্দুর রব হাওলাদার**
সিনিয়র সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd